প্রতিজ্ঞান

হিরণ্ময় ঐতিহ্য

বার্ষিক ম্যাগাজিন ২০০৯-২০১০

MOHAMMADPUR PREPARATORY
HIGHER SECONDARY SCHOOL

www.college-mphss.info

প্রতিভান

হিরণ্ময় ঐতিহ্য

বার্ষিক ম্যাগাজিন ২০০৯-২০১০

ম্যাগাজিন সম্পাদনা পরিষদ

মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

প্রয়াত-চেয়ারম্যান
জনাব কাজী আজহার আলী

প্রধান পৃষ্ঠপোষক
জনাব এম.এ. মালিক
চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ

উপদেষ্টামণ্ডলী
জনাব সুজা-উদ-দৌলা, উপাধ্যক্ষ
লে. কর্নেল ওবায়দুল আনোয়ার, রেক্টর
মিসেস ফাতেমা রহমান, রেক্টর
মিসেস জিনাতুন নেসা, সহকারী প্রধান শিক্ষিকা
মিসেস নিগার নাজনীন, তত্ত্বাবধায়ক
মিসেস সেলিনা বানু, তত্ত্বাবধায়ক
মিসেস বিলকিস্ বানু, তত্ত্বাবধয়াক

সার্বিক দায়িত্ব
জনাব মো. বেলায়েত হুসেন
অধ্যক্ষ ও সদস্য-সচিব

সম্পাদক
ডক্টর মো. মুস্তাফিজুর রহমান
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

সহকারী সম্পাদকবৃন্দ
মিসেস মাহফুজা বেগম, সহকারী শিক্ষিকা
জনাব সাদেকুল আলম, সহকারী শিক্ষিক
মিসেস আরিফা সুলতানা, সহকারী শিক্ষিকা
জনাব শান্ত কুমার মৈত্র, সহকারী শিক্ষক
মিসেস বুশরা বানু, সহকারী শিক্ষিকা
জনাব সোহরাব ফরহাদ, সহকারী শিক্ষক

প্রচ্ছদ-পরিকল্পনা
ড. মো. মুস্তাফিজুর রহমান

স্থির চিত্র
এস.এম. শাহজাহান

মুদ্রণ: তিথী প্রিন্টিং এন্ড প্যাকেজিং
২৮/সি-১, টয়েনবী সার্কুলার রোড, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০, ফোন: ৯৫৫৩৩০৩, ৯৫৫০৪১২

ভর্তিসংক্রান্ত তথ্যাবলীর জন্য যোগাযোগ

জনাব মো. বেলায়েত হুসেন, অধ্যক্ষ ও সদস্য-সচিব, মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
বালিকা শাখা : ১৫/১, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন : ৯১১২৬৬৩
বালক শাখা : ৩/৩, আসাদ এভিনিউ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন : ৯১৪৩৫৩০
প্রি-স্কুল শাখা : ৭৩/সি আসাদ এভিনিউ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন : ৯১১২৬৬৩,
website : www.college-mphss.info
E-mail : mphss08@yahoo.com

বার্ষিক ম্যাগাজিন
২০০৯-২০১০ সংখ্যা

প্রতিভান

হিরণ্ময় ঐতিহ্য

PROTIBHAN

MOHAMMADPUR PREPARATORY HIGHER SECONDARY SCHOOL

website : www.college-mphss.info, E-mail : mphss08@yahoo.com

MOHAMMADPUR PREPARATORY HIGHER SECONDARY SCHOOL ★

জ্ঞানই শক্তি

১৯৭৬

মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা কাজী আজহার আলীর বর্ণাঢ্য সংক্ষিপ্ত জীবনপঞ্জি



(১৯৩৪ - ২০০৯)

আমাদের মতো উন্নয়নশীল দেশে একজন মেধাবী ছাত্রের আশৈশব লালিত স্বপ্ন থাকে কর্মজীবনে সুপ্রতিষ্ঠার। অবসরে এঁদের অধিকাংশই অতীত উজ্জ্বল দিনগুলোর সুখস্মৃতি রোমন্থন করে সুখ ও স্বাচ্ছন্দ্যময় জীবন আমৃত্যু অতিবাহিত করেন। কিন্তু এককালীন বৃহত্তর খুলনার বাগেরহাট মহকুমা, যা বিগত আড়াই দশক আগে জেলায় রূপান্তরিত হয়েছে, সেখানকার ফকিরহাট থানাধীন সৈয়দ মহল্লা গ্রামের কাজী আজহার আলী ছিলেন অনুকরণীয়ভাবে ব্যতিক্রম। তাঁর শিক্ষা ও কর্মজীবন বর্ণাঢ্যময়। ১৯৩৪ সালের ১০ আগস্ট ওই গ্রামের এক মধ্যবিত্ত পরিবারে তিনি জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম কাজী আশরাফ উদ্দিন আহমেদ এবং মাতার নাম খোদেজা খাতুন। পাঁচ ভাইয়ের মধ্যে তিনি ছিলেন সবার বড়। সেকালের অন্য দশটা পরিবারের ছাত্রের মতোই গ্রামেই তাঁর শিক্ষাজীবন শুরু হয়। ১৯৪৯ সালে মূলঘর স্কুল থেকে ম্যাট্রিকের ফলাফল বের হওয়ার ৩ মাস পূর্বে ডুমুরিয়া থানার সরাপপুর প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতা করেন। বাগেরহাট পিসি কলেজ থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি (অনার্স) এবং এমএসসি প্রথম বিভাগে প্রথম হয়ে পাস করেন। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ভাষা আন্দোলনে তাঁর ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। অনার্স পরীক্ষার পর রেজাল্ট বের হওয়ার পূর্ব পর্যন্ত ঢাকায় সরকারি রাসায়নিক পরীক্ষাগারে ল্যাব অ্যাসিটেন্ট হিসেবে চাকরি করেন। অর্থাৎ পরীক্ষার পর অন্যদের মতো তিনি অখণ্ড অবসর সময় কাটাননি। তিনি সময়ের সদ্ব্যবহার করেছেন এবং তা দেখা যাবে তাঁর কর্ম ও অবসরজীবনে। তিনি যশোর এমএম কলেজ, সিলেট এমসি কলেজ এবং পরবর্তি সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেছেন। ১৯৫৭ সালে পাকিস্তান ইনকামট্যাক্স সার্ভিসে মনোনীত হওয়ার পর ওই সার্ভিসে যোগ না দিয়ে ১৯৫৮ সালে পুনরায় পাকিস্তান সুপিরিয়র সার্ভিস পরীক্ষায় অংশগ্রহণ করে প্রশাসনিক,–অর্থাৎ সিএসপি ক্যাডারভুক্ত হন। পরীক্ষাটি নিখিল পাকিস্তানভিত্তিক হতো এবং দুরূহ প্রতিযোগিতায় টিকে থেকে দেশের সর্বোচ্চ মেধাবীরাই কেবল সেই সম্মানজনক ক্যাডারভুক্ত হওয়ার বিরল সৌভাগ্য অর্জন করতেন।

বর্ণাঢ্যময় কর্মজীন

১৯৬০ সাল থেকে তিনি রাজবাড়ী মহকুমা প্রশাসক, ঢাকার অতিরিক্ত জেলা প্রশাসক (অর্থ), নারায়ণগঞ্জ মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, পূর্ব পাকিস্তান কৃষি উন্নয়ন করপোরেশনের সচিব, অর্থ মন্ত্রণালয়ের উপসচিব, রংপুর ও কুমিল্লার জেলা প্রশাসক এবং কুমিল্লা পল্লী উন্নয়ন একাডেমির ডাইরেক্টর জেনারেল হিসেবে কৃতিত্বের সঙ্গে দায়িত্ব পালন করেন। এ-ছাড়া তদানিন্তন পূর্ব পাকিস্তানে স্বাস্থ্য, শ্রম ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আমলে তিনি শিল্প মন্ত্রণালয়ের যুগ্মসচিব, জ্বালানি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, তথ্য, স্বরাষ্ট্র ও শিক্ষা মন্ত্রণালয়ের সচিব হিসেবে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেছেন। এ ছাড়া তিনি কনজ্যুমার করপোরেশন, চা বোর্ড, টিসিবি, চলচ্চিত্র উন্নয়ন সংস্থা এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যানের দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করেছেন। সবশেষে ম্যানিলায় এশীয় উন্নয়ন ব্যাংকের বিকল্প নির্বাহী পরিচালক হিসেবে ৪ বছর ৩ মাস চাকরি করার পর ৫৭ বছর বয়সে যথারীতি সরকারি নিয়মে চাকরি থেকে অবসর গ্রহণ করেন।

সরকারি দায়িত্ব পালনকালে অতিরিক্ত কর্মসম্পাদন

কাজী আজহার আলী রাজবাড়ীর এসডিও থাকাকালে রাজবাড়ী কলেজ, রাজবাড়ী বালিকা বিদ্যালয়, পাবলিক লাইব্রেরি ও স্টেডিয়াম স্থাপন ও নির্মাণে অগ্রণী ভূমিকা পালন করেছেন। কাজী আজহার আলী রংপুরে ডেপুটি কমিশনার থাকাকালে রংপুর কলেজ ভবন, বেগম রোকেয়া কলেজ ভবন, লালকুঠি বালিকা বিদ্যালয় স্থাপন, স্টেডিয়াম, পাবলিক পার্ক, নিউমার্কেট ও কয়েকটি রাস্তাঘাট নির্মাণে কখনো একক প্রচেষ্টা বা কখনো যৌথভাবে কাজ করে বৃহত্তর রংপুরবাসীর মনে স্থায়ী আসন তৈরি করে নিয়েছিলেন। এসব কাজের স্বীকৃতিস্বরূপ তৎকালীন প্রাদেশিক গভর্নর গাইবান্ধার একটি স্কুলের নামকরণ তাঁর নামে করেছিলেন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব হিসেবে তাঁর অন্যতম কৃতিত্ব মূলঘর শিশুসদন এবং রাজশাহী শিশুসদন। বিদ্যুৎ

উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান থাকাকালে ইউএসএইড-এর তৎকালীন ডিরেক্টর মি. জে এস টোনারের সহায়তায় ১৯৭৬ সালে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড স্থাপন–কাজী আজহার আলীর অন্যতম সুদূরপ্রসারী চিন্তার ফল।

বৃহত্তর খুলনার জন্য কাজী আজহার আলীর অবদান

নিজ জেলা বা এলাকার উন্নয়নে উপরিউক্ত চিন্তাধারার প্রভাববলয়ের মধ্য দিয়ে বৃহত্তর খুলনার জন্য তিনি তাঁর সামর্থ্য অনুযায়ী যেসব উন্নয়নমূলক কার্য সম্পাদন করেছেন তার তালিকা বেশ দীর্ঘ :

(১) ১৯৬৮ সালে তিনি ফকিরহাটে কলেজ স্থাপন করেন। (২) ১৯৬৮ সালে খুলনার তৎকালীন জেলা প্রশাসক ওয়ারেস আলী চৌধুরীর সহযোগিতায় রূপসা-বাগেরহাট পাকা সড়ক নির্মাণের পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন করেন। (৩) ১৯৮৭ সালে শিক্ষাসচিব থাকাকালে শতাধিক বছরের পুরাতন মূলঘর স্কুল এবং ১৯৭০ সালে প্রতিষ্ঠিত খোদেজা খাতুন স্কুলকে সরকারি স্কুলে উন্নীত করেন। ওই সময় তিনি কাঁঠালতলায় কাজী আজহার আলী উচ্চমাধ্যমিক বিদ্যালয়, বারাশিয়ায় কাজী আশরাফ উদ্দিন প্রাথমিক বিদ্যালয়, দিয়া পাড়ায় মোল্লা কাওসার আলী প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেন। (৪) কাজী আজহার আলী ১৯৬৫ সালে ইপিএডিসির সচিব থাকাকালীন বাগেরহাটের রামপাল থানায় একটি মহিষের খামার স্থাপন করেন। (৫) ১৯৭১ সালে তৎকালীন পূর্ব পাকিস্তান সরকারের স্বাস্থ্যসচিবের দায়িত্ব পালনকালে খুলনায় একটি মেডিক্যাল কলেজ এবং ৫০০ বেডের হাসপাতাল নির্মাণের পরিকল্পনা করে তা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ এবং যুদ্ধকালীন সময় জুন মাসে অধিগ্রহণকৃত জমির মূল্য পরিশোধ করেন, যা ওই সময়ের প্রেক্ষাপটে ছিল অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজ। (৬) ১৯৭৫ সালে পিডিবির চেয়ারম্যান থাকাকালে খুলনায় পিডিবির জেনারেল ম্যানেজার কার্যালয় এবং তৎকালীন বাগেরহাট মহকুমা শহরে একই দপ্তরের নির্বাহী প্রকৌশলীর কার্যালয় স্থাপন করেন। (৭) ১৯৭৭ সালে তথ্যসচিব থাকাকালে খুলনার গল্লামারিতে বাংলাদেশ বেতারকেন্দ্র স্থাপন করেন। প্রকাশ থাকে যে, তার পূর্বে খুলনায় বেতারের রিলে স্টেশন ছিল। (৮) টিসিবির চেয়ারম্যান থাকাকালে তিনি খুলনায় টিসিবির কার্যালয় স্থাপন করেন। (৯) স্বরাষ্ট্রসচিবের দায়িত্ব পালনকালে তিনি মংলা, রূপসা ও চিতলমারীতে তিনটি থানা স্থাপন করেন। ১৯৮৬ সালে শিক্ষাসচিবের দায়িত্ব পালনকালে তিনি খুলনা বিশ্ববিদ্যালয় স্থাপনে অগ্রণী ভূমিকা পালন করেন। ওই সময় তিনি খুলনায় ডিডিপিআই অফিস স্থাপন করে বৃহত্তর খুলনা, যশোর ও কুষ্টিয়ার শিক্ষকদের কষ্ট লাঘবের পদক্ষেপ নিয়েছিলেন। (১০) বৃহত্তর খুলনার ছেলেমেয়েদের মানসম্মত শিক্ষার জন্য তিনি খুলনার খালিশপুরে খুলনা পাবলিক স্কুল ও কলেজ প্রতিষ্ঠা করেন। (১১) এশীয় উন্নয়ন ব্যাংকে বিকল্প নির্বাহী পরিচালক থাকাকালে ঢাকা-মংলা সড়ক নির্মাণে তিনি এশীয় উন্নয়ন ব্যাংকের ঋণপ্রাপ্তির ব্যবস্থা করে সড়কটি নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

সরকারি চাকরি থেকে অবসর গ্রহণ করার পর নতুন কর্মবীর রূপে কাজী আজহার আলী

অবসর গ্রহণের পর তিনি একটি রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত হয়েছিলেন। কিন্তু বর্তমান রাজনৈতিক পরিবেশের সঙ্গে নিজেকে খাপ খাওয়াতে না পেরে তিনি সেখান থেকে সরে আসেন। তাঁর আরো কিছু কর্মকাণ্ডের বিবরণ এখানে উল্লেখ করা হলো :

(ক) কাজী আজহার আলীর প্রতিষ্ঠিত মোহাম্মদপুর প্রিপারেটরী স্কুল ১৯৭৬ সালে মাত্র ১৭ জন ছাত্রছাত্রী নিয়ে শুরু হলেও তাঁর অক্লান্ত প্রচেষ্টায় বর্তমানে এটি উচ্চ মাধ্যমিক স্কুলে উন্নীত হয়েছে। বর্তমানে এর ছাত্রছাত্রীর সংখ্যা প্রায় ৮ হাজার। ১৯৯৩ ও ২০০০ সালে এই স্কুল বাংলাদেশের শ্রেষ্ঠ স্কুল হওয়ার জন্য পুরস্কার লাভ করে।

(খ) তিনি বাংলাদেশ মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এবং হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য।

(গ) তাঁরই প্রচেষ্টার ফল ঢাকায় বৃহত্তর খুলনা সমিতির 'নিজস্ব ঠিকানা'। তিনি ছিলেন এ সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি। তিনি ঢাকাস্থ বাগেরহাট সমিতিরও প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন।

(ঘ) তিনি ইন্টারন্যাশনাল ওয়াটার অ্যাসোসিয়েশন বাংলাদেশেরও সভাপতি ছিলেন।

(ঙ) এসব গুরুদায়িত্ব পালনে যিনি সর্বক্ষণিকভাবে প্রেরণা জুগিয়েছেন, সেই মহীয়সী নারী কাজী আজহার আলীর অর্ধাঙ্গিনী ড. সাকিনা আজহারের স্মরণে বাগেরহাটের ফকিরহাটে পৈতৃক জমিতে প্রতিষ্ঠা করেছেন 'সাকিনা আজহার টেকনিক্যাল কলেজ' এবং তিনি ছিলেন এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান।

(চ) কাজী আজহার আলীর সবচেয়ে বড় স্বপ্ন ছিল ইউনিভার্সিটি প্রতিষ্ঠা। আল্লাহর অশেষ রহমতে তাঁর সেই স্বপ্ন তিনি পূরণ করেছেন। ২০০১ সালে তিনি প্রতিষ্ঠা করেছেন (মোহাম্মদপুরের ১৫/১ ইকবাল রোডে) 'বাংলাদেশ ইউনিভার্সিটি' এবং এর অন্তিমলগ্ন পর্যন্ত তিনি ছিলেন এর প্রতিষ্ঠাতা সভাপতি ও অবৈতনিক ভাইস চ্যান্সেলর।

তিনি সারা জীবনের সঞ্চয় দিয়ে শিক্ষা, স্বাস্থ্য ও সমাজ উন্নয়নের জন্য 'কাজী আজহার আলী ফাউন্ডেশন' করেছেন। তাঁর ৩৫ বছরের ঘটনাবহুল চাকরিজীবনে দেশ-বিদেশের অভিজ্ঞতার লেখচিত্রের সমন্বয় ঘটেছে–তাঁর লেখা আত্মজীবনী মূলক গ্রন্থ 'তিন কাল' বইয়ে।

(এ জীবনপঞ্জীটি কাজী আজহার আলী ফাউন্ডেশনের ব্রুশিয়ার থেকে সংগৃহীত হল। – সম্পাদক)

সূচিপত্র

নাম	বিষয়	পৃষ্ঠা
[illegible] মো. [illegible] রহমান	সম্পাদকীয়	০৭
[illegible] মালিক	শুভেচ্ছা বাণী	০৮
[illegible] হুসেন	সচিবের দপ্তর থেকে	০৯
[illegible]-উদ-দৌলা	উপাধ্যক্ষের কথন	১০
[illegible]	কথন	১১
[illegible] Obaidul Anwar (Retd)	Preface of Rector	১১
[illegible] Rahman	A Few Words From The Rector	১২
[illegible]	কথন	১২
[illegible] বানু	কথন	১৩
[illegible] বানু	কথন	১৩
[illegible] দস্তগীর	স্বপ্ন - সত্য - কল্পনা-৪	৪১
[illegible]	Conservation of Energy	৪৩
[illegible] ইসলাম	রবীন্দ্রনাথের দৃষ্টিতে বাঙালির মানস-বৈচিত্র্য	৪৭
[illegible] আহমেদ	শিক্ষা, শিল্পকলা ও সংস্কৃতিচর্চা	৫০
[illegible] আক্তার	বোকা মেয়ে	৫১
[illegible] আক্তার শিমু	ভালোবাসার মানুষ	৫১
[illegible] আক্তার মিতু	গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডস থেকে	৫২
[illegible] রহমান	শর্তাব্দীর শেষ সূর্যগ্রহণ	৫৪
[illegible] ইফফাত	বৃদ্ধা ও চিকিৎসক	৫৪
[illegible]	গন্ধর্বসেন মারা গেছেন	৫৫
[illegible] করিম	বাক্স	৫৬
[illegible]	প্রভাতের অপেক্ষায়	৫৬
[illegible] মেহেজাবিন	গরীবের জন্য	৫৭
[illegible]	ভাষার জন্য ভালোবাসা	৫৭
[illegible] সরওয়ার	ছোট হলেও মহৎ	৫৭
[illegible]	শেয়াল আর পিঠার গল্প	৫৮
[illegible] আফরিন তালুকদার	লোভী রাজা	৫৮
[illegible] আফরিন	চেতনায় মুক্তিযুদ্ধ	৫৮
[illegible] সাইফ	আমরা ৬ বন্ধু	৫৯
[illegible] ইসলাম সৈকত	রস খাওয়া	৬০
[illegible] রহমান	ক্রিকেট বিশ্বকাপ বাংলাদেশ	৬০
[illegible] রেজা	অন্বেষণ	৬১
[illegible] হাসান জায়েদ	বিজয়ের গান	৬১

নাম	বিষয়	পৃষ্ঠা
মোঃ আনোয়ার জাহিদ	জাদুর ছোট্ট বন	৬১
মোঃ ইব্রাহীম খলিলুল্লাহ	আমরা দেশের ভবিষ্যৎ	৬২
প্রীতম পাল পার্থ	ফেসবুক	৬২
মুহতাসীম ফারুক	আমরা কারা - বীর বাঙালি	৬২
তানভীর মোহাম্মদ সাঈদ	আমার মা	৬২
লাবিবা রহিম	ঢাকা শহর	৬২
ফাইজা রামীম	আমার দেশ	৬৩
সায়েমা আমিন	ময়না পাখি	৬৩
রোকেয়া ইসলাম	দেশ	৬৩
সায়রা জাহান	পহেলা বৈশাখ	৬৩
সিনথিয়া	পারা না পারা	৬৩
শারমিন আহমদ	ডিজিটাল বাংলা	৬৪
অনিতা রানী সূত্রধর	জন্মভূমি	৬৪
মোহসিনা জাররীন রিমা	মা তুমি কোথায়	৬৫
তাজিয়া ইসলাম	মধুর মাস	৬৫
তানিয়া আক্তার	এক বৃন্তে আটটি ফুল	৬৫
মেহনাজ মুন্নি	দোয়েল পাখি	৬৬
নাদিয়া করিম	কালো টাকা	৬৬
ফারিয়া ইসলাম	স্বাধীনতা	৬৬
৫ম শ্রেণীর ছাত্রীবৃন্দ	রক্ত মাখা একুশে	৬৬
কাজী সাকিনা	স্বাধীনতা	৬৭
মহসিনা মতিন মমি	ফেব্রুয়ারী একুশ	৬৭
শেখ আশা আক্তার শিমু	ইলিশ	৬৭
কাব্য কৃত্তিকা	সন্ধ্যা আমার নদী	৬৭
প্রমথ মিত্রী	ছাত্র-শিক্ষক	৬৮
Shohrab Farhad	International Phonetic Alphabet	৬৯
Santa Kumar Maitra	Teaching As Profession	৭২
Ashfaque Hossain Ayon	Earthquake	৭৩
Rahatil Bin Mostafiz (Rafi)	The Old Mansion	৭৩
Md.Tahmid Rashik	Jokes:A Literate Goat By Tahmid Rashik	৭৪
Rifatul Islam Siddique	Fruits Introduction	৭৫

সূচিপত্র

নাম	বিষয়	পৃষ্ঠা
Rifatul Islam Siddique	Prize Day At My School	৭৬
Zunaid Chowdhury	Unlucky Lottery	৭৬
Zohair Tahmid Rahman	A Good Lesson	৭৭
Atif Aninda Rahman	Atomic Bombing of Hiroshima And Nagasaki	৭৮
Anor Ghosh	Biggest Of All	৭৮
Zinedin Zeedan Chowdhury	A Clever Judge	৭৯
Mostafiz Hossain	The First Airman	৭৯
Tanveer Islam & Shafi Uddin Ali Ahemad	The Man Hunting Shark	৮০
Syedrajib	The Farmer And	৮৩
Hassin-Rahman	The Secrets of	৮৪
Labiba Rahim	Mimi'S Eyes	৮৫
Naziat Binte Harun	The Naughty Cat	৮৬
Emran Yusuf	A Dangerous Sage	৮৬
Suraiya Hasan	About Sundarban	৮৭
Khujista Ayeshata Binte Alamgir	Rosella	৮৭
Saynia Sultana	Two Brothers And A Lion	৮৮
Nazhat Tabassum	The Fox Without Tail	৮৯
Afifa Islam	A Wish To Visit U.S.A	৮৯
Nahiar Tashim	A Story of Spirits	৮৯
Tasfia Wahid Khan	Oshim'S Cleverness	৯০
Tasneen Haq Azad	Interesting Facts: Did You Know!	৯০
Share Alam	Scare Of The Darkness	৯১
Sadia Rahman	The Word "Mother" In Many Languages	৯২
Kazi Mormo	20 Things We Would Never Know Without Movies	৯৩

নাম	বিষয়	পৃষ্ঠা
Ahnaf Tahmid	If I Was	৯৪
Ashfaque Hossain Ayon	My Little One	৯৪
Zunaid Chowdhory	Love	৯৪
Atif Aninda Rahman	Little boy (Hiroshima)	৯৪
Quazi Abdul muqit	Silver Heart	৯৫
Adib Mahmud	Allah The Almighty	৯৫
Ishfiaque Ahmed	The Truth of Life	৯৫
Tariha Jasnim Raja	Some Day	৯৬
Maisha Shameha	Road Lights	৯৬
Maisha Shameha Nuzhat Anan	My Mother	৯৬
Sayad Mehedi	Allah is Almighty	৯৬
Saiyara Jahin	How life is	৯৭
Shafiqua Nawar	The Sky, Sun, Earth and me	৯৭
Sruti Rahman	Flowers	৯৭
Faiza Ramim	My brother	৯৮
উচ্চ মাধ্যমিক বালিকা শাখা	শিক্ষক-শিক্ষিকাবৃন্দের নামের তালিকা	১০০
মাধ্যমিক বালিকা শাখা	শিক্ষক-শিক্ষিকাবৃন্দের নামের তালিকা	১০১
প্রিপারেটরী বালিকা শাখা	শিক্ষক-শিক্ষিকাবৃন্দের নামের তালিকা	১০২
উচ্চ মাধ্যমিক বালক শাখা	শিক্ষক-শিক্ষিকাবৃন্দের নামের তালিকা	১০৩
প্রিপারেটরী বালক শাখা	শিক্ষক-শিক্ষিকাবৃন্দের নামের তালিকা	১০৪
ইংরেজি মাধ্যম বালক শাখা	শিক্ষক-শিক্ষিকাবৃন্দের নামের তালিকা	১০৫
ইংরেজি মাধ্যম বালিকা শাখা	শিক্ষক-শিক্ষিকাবৃন্দের নামের তালিকা	১০৬
প্রাক্ প্রাথমিক বাংলা মাধ্যম	শিক্ষক-শিক্ষিকাবৃন্দের নামের তালিকা	১০৭
প্রাক্ প্রাথমিক ইংরেজি মাধ্যম	শিক্ষক-শিক্ষিকাবৃন্দের নামের তালিকা	১০৮
কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের	নামের তালিকা	১০৮
বোর্ড অব ট্রাস্টিজ	নামের তালিকা	১১১
বোর্ড অব গভর্নরস	নামের তালিকা	১১১
মো. বেলায়েত হুসেন	হাদিসে রাসুল (সা.)	১১২

সম্পাদকীয়

মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বার্ষিক ম্যাগাজিন 'প্রতিভান হিরণ্ময় ঐতিহ্য'। বিগত ২০০৮-২০০৯ সংখ্যার 'প্রতিভান'-এর প্রকাশনার পর ২০০৯-২০১০ সংখ্যার প্রকাশনা তাই এবারের বছরশেষের শ্রেষ্ঠ উপহার বলেই অভিহিত করছি। 'প্রতিভান'-প্রকাশনার নেপথ্যে যিনি আমাকে এর সম্পাদনার গুরুদায়িত্ব প্রদান করেছিলেন সেই ভাষাসৈনিক, বিশিষ্ট শিক্ষানুরাগী, দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্বকারী, অসামান্য প্রতিভাবান ব্যক্তি এবং প্রিপারেটরী কমপ্লেক্সের প্রতিষ্ঠাতা-চেয়ারম্যান জনাব কাজী আজহার আলী আজ আর আমাদের মাঝে নেই। কিন্তু তাঁর স্বহৃদয় উপস্থিতি বারংবার অনুভব করি। তাই এই প্রতিভান-প্রকাশের মধ্য দিয়ে তাঁর প্রতি গভীর শ্রদ্ধাজ্ঞাপন করছি।

সুধীবৃন্দ, ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা যেসব সুপ্তপ্রতিভা বিকশিত করেছে, সেগুলো এবারের সংখ্যায় প্রকাশিত হল। বিগত বছরের মধ্যে 'প্রতিভান'-এ প্রকাশের জন্য বেশকিছুসংখ্যক লেখা, বিশেষ করে গল্প, কবিতা, প্রবন্ধ প্রভৃতি নির্বাচিত করে এই সংখ্যায় প্রকাশিত হল। এই প্রকাশনার নেপথ্যে এ প্রতিষ্ঠানের বর্তমান চেয়ারম্যান ও বিশিষ্ট শিল্পপতি জনাব এম.এ. মালিক, বিশেষ করে, এই প্রতিষ্ঠানের অ্যাকাডেমিক উপদেষ্টা প্রকৌশলী এম.এ. গোলাম দস্তগীর মহোদয়ের যথাযথ নির্দেশনা না থাকলে 'প্রতিভান'-এর প্রকাশনা আরও বিলম্ব হতো। এজন্য তাদের প্রতি আমি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এবারের 'প্রতিভান'-প্রকাশে বিলম্বের কিঞ্চিৎ কারণ রয়েছে। কিন্তু তা সত্ত্বেও বোর্ড অব ট্রাস্টিজের ও অধ্যক্ষের একান্ত সহযোগিতায় 'প্রতিভান হিরণ্ময় ঐতিহ্য' ২০০৯-২০১০ সংখ্যাটি শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়ার জন্য প্রস্তুত হল।

এছাড়া 'প্রতিভান'-প্রকাশে এ প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মো. বেলায়েত হুসেন, বিভিন্ন শাখাপ্রধান,–এঁদের সহযোগিতার কথাও অজানা নয়। তাই তাঁদের আমি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। বর্তমান প্রেক্ষাপটে মাত্র কয়েকদিনের প্রচেষ্টায় 'প্রতিভান হিরণ্ময় ঐতিহ্য' ২০০৯-২০১০ সংখ্যাটি প্রকাশিত হল। একারণে যদি এখানে কিছু মুদ্রণপ্রমাদ থেকে যায়, তার জন্য পাঠকবৃন্দের নিকট আমরা আন্তরিকভাবে দুঃখপ্রকাশ করছি। আমাদের কোমলমতি ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা প্রাথমিক ও নিম্নমাধ্যমিক বৃত্তি পেয়েছে এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় আশানুরূপ সাফল্য লাভ করেছে, এপ্রতিষ্ঠানকে আরও গৌরবময় করেছে, তাদের প্রতি আমাদের পক্ষ থেকে প্রাণঢালা অভিনন্দন রইল।

দেশের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানরূপে পুরস্কারপ্রাপ্ত মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সাহিত্যবার্ষিকী 'প্রতিভান হিরণ্ময় ঐতিহ্য' সংশ্লিষ্ট সকলের কাছে হার্দিক উষ্ণতায় উত্থাপিত হোক,– এই আশা অসমীচীন নয়। সকল ন্যায় পরায়ণ মানুষের জয় হোক।

(ডক্টর মোঃ মুস্তাফিজুর রহমান)
২২ অক্টোবর, ২০১১ খ্রিষ্টাব্দ
৬ কার্তিক, ১৪১৮ বঙ্গাব্দ

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
ও সম্পাদক
'প্রতিভান' ২০০৯-২০১০ সংখ্যা

শুভেচ্ছা বাণী

'মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চমাধ্যমিক বিদ্যালয়' বাংলাদেশের একটি সুবৃহৎ ও শ্রেষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানে স্কুল, কলেজ ও ইংরেজি মাধ্যমসহ ৮টি শাখায় প্রায় আট হাজার ছাত্র-ছাত্রী অধ্যয়নরত। আর এখানে সাড়ে তিনশত শিক্ষক/অধ্যাপক বিভিন্ন বিষয়ে শিক্ষাদান করছেন। এর মধ্যে ৬ জন ডক্টরেট ডিগ্রীধারী অধ্যাপক করেছেন। তাঁরা নিরলস ভাবে শিক্ষার্থীদের শিক্ষাদানসহ বিভিন্ন সহশিক্ষাপাঠ্যক্রমিক কার্যক্রমে অংশগ্রহণ করে এই প্রতিষ্ঠানে সাফল্য অর্জনে বিরাট ভূমিকা পালন করছেন।

কেবল পুথিগত ও কাঠামোগত শিক্ষাই নয়, একটি শিশুকে ভবিষ্যতের জন্য পূর্ণাঙ্গ সার্থক মানুষ রূপে গড়ে তোলার জন্য এ প্রতিষ্ঠানে শিক্ষক/অধ্যাপকদের নিরন্তর প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

কিছুকাল পূর্বে এ প্রতিষ্ঠানের ছাত্রীদের ঈর্ষণীয় ফলাফলে গর্ববোধ করেছি। বিশেষ করে, ইংরেজি মাধ্যম বালিকা শাখার উত্তরোত্তর সাফল্য আমাদেরকে মুগ্ধ করেছে।

'প্রতিভান হিরণ্ময় ঐতিহ্য' এ প্রতিষ্ঠানের একটি সাহিত্যনির্ভর মুখপাত্র। এখানে প্রকৃত বিশুদ্ধ সাহিত্য সন্দর্শনের উপকরণ হয়ত খুঁজে পাওয়া যাবে না। কিন্তু এটি সাহিত্য নয় তাও বলা যাবে না। এখানে মুখ্যত প্রথম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের সৃজনশীলতার একটি সুযোগ করে দেয়া হয়েছে। 'প্রতিভান' এ সাফল্যের মধ্য দিয়ে শিক্ষকগণও তাঁদের সুপ্তপ্রতিভার বিকাশ করতে পেরেছেন।

এ প্রতিষ্ঠানে অনেকগুলো সহপাঠ্যক্রমিক কার্যক্রম উদযাপিত হয়ে থাকে। বিশেষত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, নজরুল-রবীন্দ্র জন্মবার্ষিকী উদযাপন, বার্ষিক পুরস্কার বিতরণী, মিলাদ মাহফিল, সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি উদযাপিত হয়ে থাকে। এসব অনুষ্ঠানে শিক্ষার্থীদের অংশগ্রহণের একটি বড় বিষয় রূপে চিহ্নিত হয়। কারণ তাদের সুপ্ত প্রতিভা বিকাশের ক্ষেত্রে 'প্রতিভান হিরণ্ময় ঐতিহ্য' সাহিত্য বার্ষিকী একটি বিশেষ গুরুত্ব বহন করে। তাই 'প্রতিভান'-প্রকাশের নেপথ্যে বিশেষত সম্পাদকসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও মোবারকবাদ জানাচ্ছি।

20/10/11

(এম.এ. মালিক)
চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ

সচিবের দপ্তর থেকে...

মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় গতানুগতিক অন্য শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ব্যতিক্রমধর্মী শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সুপরিচিত এবং সুপ্রতিষ্ঠিত। উন্নত ও আধুনিক বিজ্ঞানসম্মত শিক্ষাদান করে উপযুক্ত নাগরিক সৃষ্টির যে প্রয়াস শুরু হয়েছিল ৩৪ বছর পূর্বে, আজ সেখানে ছাত্র-ছাত্রীদের শুধু শিক্ষা নয়, কলেজ, ইউনিভার্সিটির আধুনিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন বিদ্যাদান করা হচ্ছে।

প্রতিষ্ঠানের এই সুষ্ঠু, সুন্দর ও বিশাল পরিসরে আত্মপ্রকাশ করার পিছনে অনেকের অবদান আছে, যার মধ্যে বোর্ড অব ট্রাস্টিজ, একাডেমিক কমিটি, বোর্ড অব গভর্নরস, শিক্ষকমণ্ডলী, ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সম্মিলিত প্রয়াস।

তাঁদের মধ্যে সবচেয়ে বেশি প্রশংসার দাবিদার হলেন এই প্রতিষ্ঠানের চেয়ারম্যান জনাব কাজী আজহার আলী। তিনি এখন আমাদের মাঝে নেই। তাঁর প্রতি গভীর শ্রদ্ধা প্রদর্শন করছি। তাঁর কঠোর, নিরলস, নিঃস্বার্থ শ্রম এবং সার্বিক পরিকল্পনার মাধ্যমে তৈরী করেছেন এই বিশাল প্রিপারেটরী কমপ্লেক্স। একজন প্রিন্সিপাল ও তিনজন শিক্ষিকা নিয়োগ দিয়ে পি.জি. কে.জি ও গ্রেড এই তিনটি ক্লাসে ১৭ জন ছাত্র-ছাত্রী নিয়ে ১৯৭৬ সালে স্কুলের যাত্রা শুরু হয়। তারই পূর্ণরূপ মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। ২০০২ সালে এ প্রতিষ্ঠানে ইংলিশ মিডিয়াম চালু হয়।

এই শাখার বর্তমানে প্রিপারেটরী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষাদান করা হচ্ছে। ২০০৪ সালে ছাত্রদের শিক্ষার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয় এবং আসাদ এভিনিউতে নির্মাণাধীন একটি ছয়তলা ভবন ক্রয় করা হয়। এই ভবন ছেলেদের কলেজ ও স্কুলের জন্য ব্যবহার করা হচ্ছে। ভৌত অবকাঠামো ও বোর্ড পরীক্ষার ধারাবাহিক সাফল্যসহ সবকিছু বিবেচনা করে সালের ১৯৯৩ ও ২০০০ সালে এই প্রতিষ্ঠানকে জাতীয় পর্যায়ে 'শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান' ঘোষণা করেছে। অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ১৯৯৫ সালে এস.এস.সি পরীক্ষায় ১ম স্থানসহ শীর্ষ ৮টি স্থান অর্জন করেছে। ২০১০ সালে এস.এস.সি পরীক্ষায় পাশের হার ১০০ ভাগ ২৬৬ জনের মধ্যে ১৮৭ জন (জিপিএ-৫) এবং অবশিষ্ট (এ)। ১৭ জন ছাত্র-ছাত্রী নিয়ে যে শিক্ষাপ্রতিষ্ঠানটি শুরু হয়েছিল আজ সেখানে প্রায় ৭,০০০ ছাত্র-ছাত্রী পড়াশোনা করছে। বিদ্যালয়ের দ্রুত অগ্রগতির পিছনে সবচেয়ে বেশি অবদান প্রতিষ্ঠানটির পরিচালনা পরিষদ এবং শিক্ষকমণ্ডলীর।

আমাদের এই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শুধু পড়ালেখায় নয়, অন্যান্য বিষয়েও পারদর্শী। তার মধ্যে একটি হল সাহিত্য বার্ষিকী 'প্রতিভান'। ছাত্র-ছাত্রীদের সৃজনশীল প্রতিভার অন্তর্নিহিত শক্তি বিকশিত হয় প্রতিবছর 'প্রতিভান'-এ প্রকাশনার মাধ্যমে। প্রতি বছরের মত এবারও 'প্রতিভান' প্রকাশিত হল নতুন সাজে নতুন রূপে। স্কুলের প্রতি সবার যে অসামান্য ভালবাসা তারই প্রতিফলন হয়েছে এই 'প্রতিভান' -এ। বিদ্যালয়ের ক্ষুদে লেখকদের সৃষ্টিকর্মকে সকলের সামনে তুলে ধরার জন্য আমাদের এই সামান্য প্রয়াস। এতে করে ক্ষুদে লেখকরা পাবে সামনে এগিয়ে চলার প্রেরণা।

২৫/১০/১০

(মো. বেলায়েত হুসেন)
অধ্যক্ষ ও সদস্য-সচিব

উপাধ্যক্ষের কথন

মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বালক শাখায় প্রথম ছাত্র ভর্তি করা হয় ২০০৪ সালে উচ্চ মাধ্যমিক শ্রেণীর বিজ্ঞান ও ব্যবসা শিক্ষা শাখায়। ২০০৫ সালে পি. জি শ্রেণী থেকে ৯ম শ্রেণী পর্যন্ত ছাত্র ভর্তি করা হয়। প্রথম ৩/৪ বৎসর উচ্চ মেধাসম্পন্ন ছাত্রছাত্রী ভর্তি হয়নি। তারাই এখন ৮ম থেকে ১০ম শ্রেণীতে লেখাপড়া করছে। কলেজ শাখায়ও কম মেধাবী ছাত্র ভর্তি হয়। এর কারণ হিসেবে বলা যায় ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ ও সেন্ট জেসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সন্নিকটে এর অবস্থান। বালক শাখার ফলাফল উন্নতমানের হতে আরও কয়েক বৎসর লাগবে বলে আমার মনে হয়। এজন্য শিক্ষকদের প্রচেষ্টায় ছাত্রদের পরিশ্রম ও অধ্যবসায় এবং অভিভাবকদের নজরদারী খুবই প্রয়োজন। বালক শাখায় ৬ষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রসংখ্যা ৫০০ এর ওপরে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শাখায় শিক্ষক-শিক্ষিকার সংখ্যা ৩০ জন। এ বছর মাধ্যমিক পরীক্ষায় ৪০ জন ছাত্র অংশগ্রহণ করে। এর মধ্যে সকলেই কৃতকার্য হয়। বিজ্ঞানে ২২ জনের মধ্যে ১৪ জন GPA 5 এবং বাণিজ্যে ১৮ জনের মধ্যে ৪ জন GPA ও মোট ১৯ জন ছাত্র +A Grade লাভ করে। H.S.C পরীক্ষায় বিজ্ঞানে ৪৯ ছাত্র অংশ নেয়। এর মধ্যে ২৮ জন ছাত্র নিয়মিত বাকি ২১ জন অনিয়মিত। নিয়মিত ছাত্রদের মধ্যে ১৭ জন Grade A Ges 15 জন -A Grade লাভ করে।
বাণিজ্য শাখায় ৩ জন Grade A এবং ১০ জন A Grade ও ২ জন অকৃতকার্য হয়। অনিয়মিত ছাত্রদের মধ্য থেকে ৫জন কৃতকার্য এবং বাকিরা অকৃতকার্য হয়। ব্যবসায় শিক্ষাশাখায় মোট ২৮ জন ছাত্র পরীক্ষা দেয়। ২৭ জন কৃতকার্য এবং ২জন অকৃতকার্য হয়। বিজ্ঞান ও ব্যবসা শিক্ষা মিলিয়ে মোট পাশের হার ৮৫.৭১। অপেক্ষাকৃত কম মেধাবী ও লেখাপড়ার প্রতি কম আগ্রহী এসব ছাত্রদের কারণে কাঙ্ক্ষিত ফলাফল অর্জন সম্ভব হচ্ছে না। শিক্ষক/ শিক্ষিকাবৃন্দ তাদের সাধ্যমত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় শাখায়ই ছাত্ররা কর্মদ্যোগী, উপযুক্ত, পরিশ্রমী ও উচ্চ মেধাসম্পন্ন শিক্ষক/ শিক্ষিকা পাচ্ছে। বিজ্ঞান বিভাগে রয়েছে উন্নত গবেষণাগার বালক শাখায় কোন মিলনায়তন ছিল না। ছাত্রদের দীর্ঘদিনের এই দাবিটি এবার পূরণ করা হয়েছে। সেক্রেটারী মহোদয়কে এজন্য ধন্যবাদ।

বালক শাখায় কক্ষের সংকট রয়েছে। কোচিং ক্লাসের জন্য আলাদা কোন রুম নেই। কোচিং ক্লাসের জন্য গার্লস শাখার ন্যায় আলাদা কোন রুম পাওয়া যায় না। পরীক্ষার সময় একটি বেঞ্চে ৪ জন করে ছাত্রকে বসাতে হয়। ফলে ছাত্ররা দেখাদেখি করে লেখার সুযোগ পায়। এখন জেনারেটর বসানো হয়েছে। কিন্তু টয়লেটগুলো সংস্কার করা প্রয়োজন। একজন সর্বক্ষণিক ইলেকট্রিশিয়ান ও একজন কাঠমিস্ত্রি থাকা প্রয়োজন। বালক শাখাকে স্বমহিমায় দাঁড়াবার জন্য প্রভূত সাহায্য সহযোগিতা বাড়িয়ে দিতে অনুরোধ করছি।

মোঃ সুজা-উদ-দৌলা
উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ)
বালক শাখা

কথন

'মোর নাম এই বলে খ্যাত হোক, আমি তোমাদেরই লোক,
আর কিছু নয়- এই হোক শেষ পরিচয়।'

এভাবেই কবির ভাষায় যিনি তাঁর পরিচয় দিয়ে গেছেন তিনি হলেন মরহুম কাজী আজহার আলী। সত্যিই তিনি আমাদের সকলেরই লোক। বহুমুখী প্রতিভার অধিকারী শ্রেষ্ঠ ব্যক্তিরই নানা শ্রেষ্ঠ কর্মকাণ্ডের মধ্যে তাঁর নিজ হাতে গড়া "মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়" দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে একটি শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানে শিক্ষাকতা ও বিভিন্ন গুরুদায়িত্ব পালন করতে পেরে নিজেকে আজ ধন্য মনে করছি। এ প্রতিষ্ঠানে পাঠ্যশিক্ষার পাশাপাশি ছাত্র-ছাত্রীদেরকে মনুষ্যত্ব বিকাশে প্রকৃত মানুষ হিসেবে গড়ে তুলতে তিনি নিয়েছেন নানামুখী কর্মকাণ্ড। সেসব কর্মকাণ্ডের মধ্যে বার্ষিক ম্যাগাজিন 'প্রতিভান' অন্যতম। প্রতিবছরের ন্যায় এবারও বার্ষিক ম্যাগাজিন 'প্রতিভান' বের হচ্ছে জেনে আমি আনন্দিত। এ 'প্রতিভানে' শ্রদ্ধাভাজন কর্তৃপক্ষ, সুযোগ্য শিক্ষকমণ্ডলী ও স্নেহপরায়ণ সন্তানতুল্য ছাত্র-ছাত্রীরা মেধাবিকাশের বিভিন্ন দিক তুলে ধরেছেন। তাই সবার মাঝে 'প্রতিভান' আজ ছড়িয়ে দিচ্ছে জ্ঞানের প্রদীপ। এতে দিন দিন প্রতিষ্ঠানটি সুখ্যাতির উচ্চ শিখরে আরোহণ করছে।

শিক্ষাক্ষেত্রে আগামী দিনের যারা দেশ গড়ার ভবিষ্যৎ কাণ্ডারী, স্নেহপরায়ণ ছাত্র-ছাত্রীরা এর মাধ্যমে ব্যক্তিত্ব, উদারতা, শৃঙ্খলা, সহানুভূতি ও আধুনিক মানসিকতা বিকাশের মূলমন্ত্র অর্জন করছে। তাই আজ আমি মহৎ লোকের এ মহৎ কর্মকাণ্ডকে শ্রদ্ধাভাজন চিত্তে স্মরণ করছি। পরিশেষে প্রতিবছরের ন্যায় এবারও যাঁরা 'প্রতিভান' প্রকাশে উদ্যোগি তাঁদের সকলকে জানাচ্ছি আমার আন্তরিক অভিনন্দন। জয় হোক শুভ কর্মের, জয় হোক আমাদের সকলের।

জিনাতুন নেসা
সহকারী প্রধান শিক্ষিকা, বালিকা শাখা

Preface of Rector



Mohammadpur Preparatory Higher Secondary School is a polymorphous institution. This institution strives many activities to inculcate the finer aesthetic qualities in students that they may become asset to the nation and world community. College/ School magazine is an excellent facility to the students to display their latent creative faculties. It is a necessity as co-curricular activity for an alma mater to drive out hidden faculties of students and inspire them to develop the faculty.

Publication of Magazine is a very arduous job. I wish the editorial board will be tenacious enough to present us with the best possible reading materials & souvenir.

Lt. Co. Khandkar Obaidul Anwar (Retd)
Retor
English Version, Boys' Wing

A Few Words From The Rector

A yearbook makes the attempt to capture all kinds of academic and co-curricular activities which go on in an educational institution. Protivan with its unique blend of multifaceted materials surely stands out among all such publications. It mirrors the devoted effort of the Governing body to ensure supreme quality in nurturing the children of our nation. Moreover, this magazine presents a bouquet of enchanting literary pieces and artworks contributed by the highly talented students of various wings of Mohammapur Preparatory Higher Secondary School to entertain & astonish the readers. The wide range of Photographs depict the special programmes which are organized by the school authority congratulate all persons involved with the publication of this wonderful memoir which would definitely be treasured by the students & teachers.

This school has already curved a niche among the most reputed educational institutions with its brilliant academic achieviments. I am confident that under the able guidance of the authority the school will reach new heights of excellence in the years to come. May Allah help us all in this noble endeavour.

Fatema Rahman
Rector, Girls' Wing

কথন

প্রতিভানের জন্য কিছু কথা লিখতে গিয়ে আজ মনে পড়ছে এই তো সেদিন স্বনাম খ্যাত এই বিদ্যালয় প্রাঙ্গনে পা রেখে শিক্ষকতা জীবনের শুরু হল। সেদিন আর আজ এর মধ্যে যে বহু বছর চলে গেছে। তোমাদের ভাল বাসার বাঁধনে বাঁধা পড়ে এতগুলো দিন পার করে আজ জীবনের শেষ প্রান্তে পৌছে গেছি। ভবিষ্যতে তোমরা তোমাদের মেধা অনুযায়ী সমাজের বিভিন্ন পেশায় ও স্তরে নিজেদের প্রতিষ্ঠিত করবে। আশা করি শিক্ষক হিসেবে তোমাদের কাছে আমাদের যা চাওয়ার ছিল তার অনেক খানিই তোমরা পূরণ করেছ। নির্দিষ্ট পাঠ্যপুস্তকের পাশাপাশি তোমাদের সুপ্তপ্রতিভাকে বিকশিত করার জন্য প্রতিবছর 'প্রতিভান' বার্ষিকী প্রকাশিত হয়। কবিতা, গল্প, ভ্রমণকথা, রম্যরচনা, প্রবন্ধ, স্মৃতিকথা–অর্থাৎ তোমাদের মনের সব কথা লিখে প্রতিভানের প্রতিটি পাতা মুখর করে তুলবে, এই আশা করছি। যা কিছু ভাল তা গ্রহণ কর এবং মন্দকে ত্যাগ করতে শেখ। দেশের উন্নয়নে নিজেকে সম্পৃক্ত কর। দেশকে ভালবাসতে শেখ, তোমাদের লেখনির মাধ্যমে পৃথিবীর যত অন্ধকার সরিয়ে দিয়ে সবকিছুকে আলোর পথে এগিয়ে নিয়ে যাও। প্রতিভানের মাধ্যমে নিজেদেরকে প্রস্ফুটিত কর।

আমি বিশ্বাস করি তোমাদের লেখার মাধ্যমে এই সমাজ শক্ত গাঁথুনির উপর দৃঢ়তার সাথে বহুদিন দাঁড়িয়ে থাকতে পারবে। শুভ কামনা ।

নিগার নাজনীন
তত্ত্বাবধায়ক, বালিকা শাখা

কথন

মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় রাজধানীর প্রাণকেন্দ্রে অবস্থিত বাংলাদেশের অন্যতম শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান। শিক্ষক-শিক্ষিকামণ্ডলীর নিরন্তর প্রচেষ্টা, সম্মানিত অভিভাবকদের আন্তরিক সহযোগিতা এবং শিক্ষার্থীদের অধ্যবসায় এ তিনের সমন্বয়ে প্রতিষ্ঠানটির সাফল্য উত্তোরত্তর বৃদ্ধি পাবে–এ আমার দৃঢ় বিশ্বাস। শিশু-মনকে পরিণত মনে রূপান্তরিত করার গুরুদায়িত্বের অনেকটা বর্তায় শিক্ষক-শিক্ষিকামণ্ডলীর উপর। তারা এ উদ্দেশ্য সাধনের লক্ষ্যে পাঠ্যক্রমিক কর্মকাণ্ড অনুসরণের পাশাপাশি সহপাঠ্যক্রমিক কর্মকাণ্ডের অংশ হিসেবে বার্ষিক ম্যাগাজিন প্রকাশনার আয়োজন করেন। পরিশেষে, আমি এই শ্রমশীল ও সৃষ্টিধর্মী কাজের সংগে সংশ্লিষ্ট সকলকে এবং যাদের লেখায় ম্যাগাজিন সমৃদ্ধ হয়েছে তাদের সকলকে জানাই অকৃত্রিম অভিনন্দন ও শুভেচ্ছা।

[illegible] [illegible] তাদের সম্মিলিত প্রচেষ্টা। আগামীতে আরও সুন্দর ও বর্ধিত কলেবরে বার্ষিকী প্রকাশিত হবে এই কামনা করি।

সেলিনা বানু
তত্ত্বাবধায়ক, বালক শাখা

কথন

প্রতিষ্ঠা লাভের পর হতেই মোহাম্মদপুর প্রিপারেটরী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিটি শাখাতে শিক্ষক-শিক্ষিকামণ্ডলীর আন্তরিক প্রচেষ্টা সম্মানিত অভিভাবকদের সহযোগিতা এবং শিক্ষার্থীদের নিরন্তর অধ্যবসায় এবং সাধনার সমন্বয়ে প্রতিষ্ঠানগুলোর সাফল্য উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে বলে আমার বিশ্বাস। ছোট্ট শিশুকে পরিণত ও মানবিক গুণাবলী সম্পন্ন মানুষ হিসেবে তৈরী করার গুরু দায়িত্ব অনেকটা বর্তায় শিক্ষকের উপর। শিক্ষক ও শিক্ষিকাগণ এ উদ্দেশ্য সাধনের জন্য দৈনিক পাঠ্যক্রমের কর্মকাণ্ড অনুসরণ করার পাশাপাশি সহপাঠ্যক্রমিক কর্মকাণ্ডের অংশ হিসাবে প্রতিবছর বার্ষিক ম্যাগাজিন 'প্রতিভান' প্রকাশের ব্যবস্থা করেন। 'প্রতিভান' হচ্ছে এ প্রতিষ্ঠানের কচি কচি শিক্ষার্থীদের মনের ভাবপ্রকাশের স্থান। এখানে লেখার মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীর মৌলিক চিন্তা ও চেতনার বিকাশ এবং সৃজনশীল দৃষ্টিভঙ্গি প্রকাশের সুযোগ করে দেয়া হয়।

এখানে লেখার মাধ্যমে শিক্ষার্থীরা নিজের সৃজনশীল প্রতিভার বিকাশ ঘটাতে সক্ষম হয়। তাই বার্ষিকী প্রকাশের এ মহৎ উদ্যোগকে স্বাগত জানাই।

বিলকিস বানু
তত্ত্বাবধায়ক, প্রাক্-প্রাথমিক শাখা

২০০৯ সালের বার্ষিক ক্রীড়া উৎসবের প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহাঙ্গীর কবির নানক (এমপি)'র সঙ্গে প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব কাজী আজহার আলীসহ অন্যান্যরা।

২০০৯ সালের বার্ষিক ক্রীড়া উৎসবের প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহাঙ্গীর কবির নানক (এমপি)'র সঙ্গে প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব কাজী আজহার আলীসহ অন্যান্যরা।

২০০৯ সালের বার্ষিক ক্রীড়া উৎসবের প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহাঙ্গীর কবির নানক (এমপি)'-কে সহকারী প্রধান শিক্ষিকা মিসেস জিনাতুন নেসার সাথে পরিচয় করিয়ে দিচ্ছেন জনাব কাজী আজহার আলী।

২০০৯ সালের বার্ষিক ক্রীড়া উৎসবে প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব কাজী আজহার আলী বক্তব্য প্রদান করছেন। পাশে দণ্ডায়মান প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহাঙ্গীর কবির নানক (এমপি) সহ অন্যান্যরা।

২০১০ সালের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের প্রধান অতিথি বিশিষ্ট নাট্যকার ও অভিনেতা জনাব মামুনুর রশীদ এবং প্রখ্যাত শিল্পপতি ও চেয়ারম্যান জনাব এম.এ মালিককে স্বাগত জানাচ্ছেন শিক্ষকমণ্ডলী ।

২০১০ সালের বার্ষিক ক্রীড়া উৎসবের প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহাঙ্গীর কবির নানক (এমপি) ছাত্রীদের পুরস্কার প্রদান করছেন ।

২০০৯ সালের বার্ষিক ক্রীড়া উৎসবের উদ্বোধন অনুষ্ঠানে প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব কাজী আজহার আলী, প্রধান অতিথি মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহাঙ্গীর কবির নানক (এমপি), এম.এ. গোলাম দস্তগীর, মশিহউর রহমান ও অধ্যক্ষ মো. বেলায়েত হুসেন।

২০০৯ সালের বার্ষিক ক্রীড়া উৎসবের ক্রীড়া প্রতিযোগীবৃন্দ।

২০০৯ সালের বার্ষিক ক্রীড়া উৎসবের ক্রীড়া প্রতিযোগীবৃন্দ।

২০০৯ সালের বার্ষিক ক্রীড়া উৎসবের ক্রীড়া প্রতিযোগীবৃন্দ।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথি তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও ট্রাস্টিবোর্ড সদস্য প্রফেসর ড. এম. তামিম জনৈক শিক্ষার্থীর কাছ থেকে ফুলেল শুভেচ্ছা নিচ্ছেন।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানের প্রধান অতিথি তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও ট্রাস্টিবোর্ড সদস্য প্রফেসর ড. এম. তামিম জনৈক শিক্ষার্থীকে পুরস্কার প্রদান করছেন।

২০১০ সালের বিজ্ঞান মেলার শুভ উদ্বোধন করছেন বিশিষ্ট শিল্পপতি ও চেয়ারম্যান এম.এ. মালিক। পাশে দণ্ডায়মান প্রকৌশলী মশিহউর রহমান, অধ্যক্ষ মো. বেলায়েত হুসেন ও অন্যান্যরা।

২০১০ সালের বিজ্ঞানমেলায় অংশগ্রহণরত ইংরেজি মাধ্যম শাখার প্রতিযোগীবৃন্দ।

২০০৯ সালের বিজ্ঞানমেলা পরিদর্শন করছেন অ্যাকাডেমিক উপদেষ্টা প্রকৌশলী এম.এ গোলাম দস্তগীর।
পাশে দণ্ডায়মান কলেজ শাখার শিক্ষিকা ও ছাত্রীবৃন্দ।

২০০৯ সালের বিজ্ঞানমেলায় অংশগ্রহণরত বালক শাখার প্রতিযোগীবৃন্দ।

২০০৯ সালের সাংস্কৃতিক প্রতিযোগিতার বিচারক ও বিশিষ্ট নজরুল সঙ্গীত শিল্পী জনাব খালেদ হোসেন ও অন্যান্যরা।

২০১০ সালের বার্ষিক সাংস্কৃতিক উৎসবের প্রতিযোগিদের একাংশ।

২০০৯ সালের বার্ষিক মিলাদ মাহফিল অনুষ্ঠানের সভাপতি জনাব এম.এ. মালিক শিক্ষার্থীদেরকে পুরস্কার দিচ্ছেন।

২০০৯ সালের মিলাদ মাহফিল অনুষ্ঠানের কেরাত ও হামদ-নাত প্রতিযোগিতার বিজয়ীদের সঙ্গে জনাব এম.এ. মালিকসহ অন্যান্যরা।

২০০৯ সালের উচ্চ মাধ্যমিক শ্রেণীর শিক্ষা সফরে অধ্যক্ষসহ অন্যান্যরা।

২০১০ সালের উচ্চ মাধ্যমিক শ্রেণীর শিক্ষা সফরে অধ্যক্ষসহ অন্যান্যরা।

২০১০ সালের উচ্চ মাধ্যমিক শ্রেণীর বার্ষিক বনভোজনে ভাস্কর্যের সঙ্গে ছাত্রীদের মেলবন্ধন।

২০১০ সালের উচ্চ মাধ্যমিক শ্রেণীর বার্ষিক বনভোজনে ছাত্রীদের সঙ্গে অধ্যাপকগণ।

২০১০ সালের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি নাট্যকার ও অভিনেতা জনাব মামুনুর রশীদ এবং চেয়ারম্যান জনাব এম.এ মালিক

২০১০ সালের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি নাট্যকার ও অভিনেতা জনাব মামুনুর রশীদ, চেয়ারম্যান জনাব এম.এ মালিক, নুরুন্নাহার বেগম ও ট্রাস্টি সদস্য প্রকৌশলী মশিহউর রহমান প্রেক্ষাগৃহে উপবিষ্ট রয়েছেন।

২০১০ সালের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি নাট্যকার ও অভিনেতা জনাব মামুনুর রশীদ, সভাপতি জনাব এম.এ মালিক, আহ্বায়ক ড. মুস্তাফিজুর রহমান, ট্রাস্টি সদস্য প্রকৌশলী মসিহউর রহমান এবং রেক্টর ফাতেমা রহমানকে দেখা যাচ্ছে।

২০১০ সালের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথি নাট্যকার ও অভিনেতা জনাব মামুনুর রশীদ, চেয়ারম্যান জনাব এম.এ মালিক, ট্রাস্টি সদস্য প্রকৌশলী মসিহউর রহমান, রেক্টর ফাতেমা রহমান উপবিষ্ট রয়েছেন এবং সম্পাদক ড. মুস্তাফিজুর রহমান বক্তব্য রাখছেন।

অধ্যক্ষ মো. বেলায়েত হুসেনের সঙ্গে কলেজ (বালিকা) শাখার অধ্যাপকগণ।

অধ্যক্ষ মো. বেলায়েত হুসেনের সঙ্গে মাধ্যমিক (বালিকা) শাখার শিক্ষক-শিক্ষিকামণ্ডলী।

অ্যাকাডেমিক উপদেষ্টা প্রকৌশলী এম.এ. গোলাম দস্তগীর ও অধ্যক্ষ মো. বেলায়েত হুসেনের সঙ্গে
বালিকা শাখার অ্যাকাডেমিক কমিটির সদস্যগণ।

তত্ত্বাবধায়ক নিগার নাজনীনের সঙ্গে প্রিপারেটরী বালিকা শাখার শিক্ষক-শিক্ষিকামণ্ডলী।

অ্যাকাডেমিক উপদেষ্টা প্রকৌশলী এম.এ. গোলাম দস্তগীর, অধ্যক্ষ মো. বেলায়েত হুসেন ও উপাধ্যক্ষ মো. সুজা-উদ-দৌলার সঙ্গে বাংলা মাধ্যম বালক শাখার অ্যাকাডেমিক কমিটির সদস্যগণ।

অ্যাকাডেমিক উপদেষ্টা প্রকৌশলী এম.এ. গোলাম দস্তগীর, অধ্যক্ষ মো. বেলায়েত হুসেন ও রেক্টর লে. কর্নেল (অব.) ওবায়দুল আনোয়ারের সঙ্গে ইংরেজি মাধ্যম বালক শাখার অ্যাকাডেমিক কমিটির সদস্যগণ।

উপাধ্যক্ষ মো. সুজা-উদ-দৌলার সঙ্গে বাংলা মাধ্যম বালক শাখার শিক্ষক-শিক্ষিকামণ্ডলী।

রেক্টর লে. কর্নেল (অব.) ওবায়দুল আনোয়ারের সঙ্গে ইংরেজি মাধ্যম বালক শাখার শিক্ষক-শিক্ষিকামণ্ডলী।

তত্ত্বাবধয়াক বিলকিস বানুর সঙ্গে বাংলা মাধ্যম প্রি-স্কুল শাখার শিক্ষিকামণ্ডলী ।

তত্ত্বাবধয়াক বিলকিস বানুর সঙ্গে ইংরেজি মাধ্যম প্রি-স্কুল শাখার শিক্ষিকামণ্ডলী ।

বালিকা শাখার গ্রন্থাগারে পাঠে নিরত ছাত্রীগণ।

বালক শাখার গ্রন্থগারে পাঠে নিরত শিক্ষার্থীগণ।

জিমন্যাসিয়ামে ব্যায়ামরত ছাত্রীগণ।

ল্যাবরেটরীতে পরীক্ষা-নিরীক্ষারত শিক্ষার্থীগণ।

২০১০ সালের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানে শিক্ষার্থীরা সঙ্গীতপরিবেশন করছে।

২০১০ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষায় ট্যালেন্টপুলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে অধ্যক্ষ মো. বেলায়েত হুসেন।

২০০৯ সালে বিজ্ঞান মেলার শুভ উদ্বোধন করেন চেয়ারম্যান কাজী আজহার আলী। পাশে বক্তৃতারত অধ্যক্ষ মো. বেলায়েত হুসেন।

২০১০ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মাঝে অধ্যক্ষ মো. বেলায়েত হুসেন এবং সহকারী প্রধান শিক্ষিকা মিসেস জিনাতুন নেসা।

২০১০ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ইংরেজি মাধ্যম শাখার বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীবৃন্দ।

বালিকা শাখার ল্যাবরেটরিতে পরীক্ষা-নিরীক্ষায় নিরত ছাত্রীগণ।

২০১০ সালের পঞ্চম ও অষ্টম শ্রেণীর ট্যালেন্টপুলে বৃত্তিপ্রাপ্ত ইংরেজি মাধ্যম বালিকা শাখার শিক্ষার্থীদের মাঝে অধ্যক্ষ মো. বেলায়েত হুসেন, রেক্টর ফাতেমা রহমান ও অন্যান্যরা।

প্রশাসনিক কর্মকর্তা জনাব আব্দুর রহমানের সঙ্গে অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

চতুর্থ শ্রেণীর পুরুষ কর্মচারীবৃন্দ।

চতুর্থ শ্রেণীর মহিলা কর্মচারীবৃন্দ।

স্বপ্ন - সত্য - বঞ্চনা-৪

প্রকৌশলী এম এ গোলাম দস্তগীর
উপদেষ্টা, একাডেমিক কাউন্সিল, সদস্য, বোর্ড অব ট্রাস্টিজ

ট ক্ষেত্রেই কোন ছাত্রছাত্রীর সুপ্তপ্রতিভা জাগ্রত করতে শিক্ষকদের অবদান অনস্বীকার্য। এ কথা বৈজ্ঞানিকভাবে সত্য যে, ট ছাত্রছাত্রী একটি সহজাত ক্ষমতা বা দক্ষতা বিধাতা কর্তৃক পায়। প্রয়োজনীয় সহযোগিতা তাদের এই ক্ষমতা বৃদ্ধিতে ষভাবে সাহায্য করে। পাশ্চাত্যের দার্শনিক বানার্ড শ-র মতে,

best Teacher must be consversant of his subject, at the same time he must be capable enough ceess the Consumption capacity of the student,

ল পূর্বে প্রথিতযশা বৈজ্ঞানিক নিউটন তাঁর গতির তৃতীয় সূত্রে বলেছেন, প্রতিটি ক্রিয়ারই একটি সমান বিপরীত প্রতিক্রিয়া । শিক্ষকরা ছাত্রদের ভাল ফলাফল চান অথচ তাদের প্রতিবন্ধকতাগুলো দূর করার ব্যাপারে দায়িত্বহীন ভাবে উদাসীন ন। তাহলে কী করে তাঁদের শিক্ষার্থীদের উন্নতি ঘটবে? তাঁরা যদি ছাত্রদের সঠিকভাবে মূল্যায়ন করেন তাহলে নিশ্চয়ই ত পারবেন যে, শ্রেণীকক্ষে তাঁরা যে পাঠদান করেন তা বোঝার ক্ষেত্রে ছাত্রদের কমবেশি তিনভাগে ভাগ করা যায়।

ায় ৪০% ছাত্রছাত্রী পাঠ্যসূচি ভালভাবে বুঝতে পারে।
ায় ৪০% ছাত্রছাত্রী মোটামুটি বুঝতে পারে।
ায় ২০% ছাত্রছাত্রী প্রায় কিছুই বুঝতে পারে না।

ং গ এর ক্ষেত্রে শিক্ষক শিক্ষিকাদের কিছু দায়িত্ব অবশিষ্ট থাকে-যা সচরাচর তাঁরা পালন করেন না। অনেকেই আশা করেন র্বল ছাত্রগুলো তাঁদের কাছে প্রাইভেট পড়বে। বর্তমান যুগে এটি এত বহুলভাবে প্রচলিত ও আলোচিত যে এ নিয়ে কোন তদের অবকাশ নেই। ক্লাসের বাইরে অতিরিক্ত ক্লাস নিয়ে এই দুর্বল ছাত্রীদের যে এগিয়ে নেওয়া যায় এটা তাঁরা জানেন, দুঃখের বিষয় এই যে এই বাড়তি পরিশ্রম তাঁরা করতে চান না। শিক্ষক শিক্ষিকাদের পেশাগত মূল্য সমাজে অনেক বেশি। পেশাগত যোগ্যতার মূলে রয়েছে ক্ষমতার শতভাগ ছাত্রছাত্রীদের প্রদান করা। কিন্তু অত্যন্ত বেদনাদায়ক হলেও সত্য যে তাঁদের ৪০% - ৫০% ভাগের বেশি পেশাগত ক্ষেত্রে প্রদান করেন না, ফলে দুর্বল শিক্ষার্থীদের কোন উন্নতি হয় না।

রিকার মহান প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন বলেছেন যে, শিক্ষকগণ তাঁদের শিক্ষা প্রতিষ্ঠান থেকে কি পেলেন তা দ্বারা র মূল্যায়ন হয় না, প্রতিষ্ঠানকে কী দিলেন তার পরিপ্রেক্ষিতেই মূল্য বাড়ে।

শিক্ষকগণকে অটো সাজেশন ব্যবহার করে পড়ানোর জন্য অনুরোধ জানাচ্ছি। এতে তাঁরা এক সপ্তাহ পড়ানোর পর ই বুঝতে পারবেন, তিনি তাদের যা বোঝাতে চেয়েছেন, তার কতভাগ তারা বোঝেনি। এরপর তিনি যদি ওই বিষয়ে অতিরিক্ত ক্লাস নেন তবে তাদের দুর্বলতা ধীরে ধীরে কমতে থাকবে। শিক্ষকদের মহত্বের কাছে আমি আকুল আবেদন চ্ছি, তাঁরা যেন বিষয়টিকে তাঁদের পেশাগত যোগ্যতার মনোন্নয়নের ক্ষেত্রে গ্রহণ করেন। কারণ সার্থকতার মূলে রয়েছে বিষয়ের অন্তর্নিহিত সত্য উত্তরোত্তর উপলব্ধি। উত্তরোত্তর কথাটির অর্থ হচ্ছে যখন একজন শিক্ষক চাইবেন তাঁর ছাত্রীরা ভাল করুক তখন তিনি নিজেই এর জন্য বিভিন্ন কৌশল উদ্ভাবন করবেন। আজকের পৃথিবী স্বীকার করে, বিজয়ী কগণ ভিন্ন ধরনের কাজ করেন না, একই কাজ ভিন্নভাবে করেন। ভিন্নভাবে বলতে আমি উত্তরোত্তর উপলব্ধির কথাই । একই শিক্ষা প্রতিষ্ঠানে দেখা যায় বেশ কিছু সচেতন শিক্ষক শুধু উপলব্ধিই করেন না উপলব্ধি করে যে ধারণা লাভ তা দ্বারা নিজের সীমাবদ্ধতা অতিক্রম করেন। এর ফলে দুর্বল ছাত্ররা তাদের পড়াশুনার প্রতি ভীতি কাটিয়ে একে দর সঙ্গে নিতে শেখে। পড়াশোনার ব্যাপারটা অনেকের কাছেই আনন্দের ব্যাপার নয়, তবুও ক্রমশ অভ্যস্ত হতে হতে এটি র অভ্যাসে পরিণত হতে থাকে। তাই একজন সুযোগ্য শিক্ষকের নিবিড় তত্ত্বাবধান ও সহযোগিতা ছাত্রদের মানসিকতার পরিবর্তন ঘটাতে পারে। আমার বিশ্বাস, মেধাবী শিক্ষকগণ বিষয়টি উপলব্ধি করলেও তা বাস্তবায়নে তেমন আগ্রহী হন আল্লাহ রাব্বুল আলামীন পবিত্র কুরআনে হেকমতের সাথে কাজ করতে বলেছেন এবং আরো বলেছেন দায়িত্ব ও কর্তব্য এবং সুন্দর ভাবে সম্পন্ন করতে।

ক আকর্ষণীয় করার জন্য লেসন প্ল্যান বা পাঠ পরিকল্পনা অত্যন্ত জরুরী। এতে একজন শিক্ষকের বিষয়টি সম্পর্কে যেমন র্ণ জ্ঞান থাকে তেমনি সময়েরও সর্বোচ্চ ব্যবহার করা সম্ভব হয়। একজন শিক্ষকের স্বপ্ন যদি এমন হয় যে তিনি যা বন ছাত্ররা তার পড়া ভালভাবে বুঝবে তবে তাঁকে সঠিক পরিশ্রম করতে হবে যাতে তা প্রতিভাত হবে নতুবা ছাত্রছাত্রীদের বিষয়ে ভাল নম্বর না পাওয়ার দায়িত্ব সেই শিক্ষক কোনভাবেই এড়াতে পারবেন না।

বর্তমান শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন হচ্ছে। কেবল মুখস্ত করে ভাল নম্বর পাওয়ার সুযোগ এখন আর নেই। সৃজনশীলতা আজকের শিক্ষা ব্যবস্থার একটি অপরিহার্য অঙ্গ। তাই পাঠ্য বিষয়কে ছাত্রদের খুব ভালভাবে গভীর ভাবে না বোঝালে তাদের মধ্যে সৃজনশীলতা আসবে না। একজন শিক্ষককে সবসময় মনে রাখতে হবে কিছু দুর্বল ছাত্র সবসময় থাকবে এবং তাদের উন্নত করা কষ্টকর ব্যাপার। আধুনিক কালের শিক্ষকরা অতিরিক্ত প্রাইভেট পড়ানোর দিকে শতভাগ মনোযোগ দিচ্ছেন না। কিন্তু প্রতিষ্ঠানের বেতনভূক শিক্ষক হিসাবে সব ছাত্রকে ভালভাবে পড়ানোটা তার দায়িত্বের মধ্যে পড়ে। আন্তরিকভাবে চেষ্টা করলে অনুপ্রাণিত করলে দুর্বল ছাত্ররা উন্নতি করবে এটা কোন আকাশ কুসুম কল্পনা নয়। বিষয়টি সবারই ভালভাবে জানা আছে এবং আমি এ ব্যাপারে নতুন কোন কথা বলিনি।

ছাত্রদের অধ্যবসায়ের পরিবর্তে আমি এবার শিক্ষকদের অধ্যবসায় নিয়ে কিছু বলব। অটো সাজেশন অবলম্বনে বছরের প্রথম থেকে যদি কোন শিক্ষক ছাত্রছাত্রীদের পড়ান এবং প্রয়োজনীয় সময় দেন তবে তাঁদের Persistense of power বা অধ্যবসায়ের শক্তির আলো শিক্ষার্থীদেরও আলোকিত করবে। বার্নাড শ বলতেন, "Our life is what out thoughts make it." শেকসপীয়র বলেছেন, "যে কোন বিষয়ে লেগে থাকতে পারে সেই সাফল্য পায়।"

এবারে রবীন্দ্রনাথ ঠাকুরের সাধশতবর্ষ জন্মজয়ন্তী পালিত হয়েছে। তিনি বলে গেছেন, প্রতিটি চাওয়া পাওয়ার মাঝে দুটি ভাগ রয়েছে - লোভ আর আকাঙ্ক্ষা। ভাল শিক্ষক হতে গেলে লোভ ছেড়ে আকাঙ্ক্ষার পথে যেতে হবে। এই স্কুল দুবার জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব লাভ করেছে। সুতরাং এই প্রতিষ্ঠানের শিক্ষকগণের পারদর্শিতা প্রমাণের অপেক্ষা রাখে না। তবে ২০০০ সালের পর আর পুরস্কার না পাওয়ার আমার ধারণা তাদের অনুভূতি বা কর্মপ্রেরণায় মরচে ধরে গেছে। আমি অনুরোধ করব তাঁদের কর্মপ্রেরণাকে আরো উজ্জীবিত করতে যাতে আমাদের শিক্ষার্থীদের উন্নতিতে তাঁরা যেন অব্যাহতভাবে সহযোগিতা করে যেতে পারেন। তাঁদের আকাঙ্ক্ষার গভীরতা বা কর্মপ্রেরণা এতটাই সত্যাশ্রয়ী হোক যা দীর্ঘ প্রত্যাশার প্রাপ্তির (নোবেল পুরস্কার) পর রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতার বিখ্যাত চরণগুলোর মত হয় :

শেষ পুরস্কার নিয়ে যায় সে যে আপন ভান্ডারে।
অনায়াসে যে পারে কষ্ট সহিতে
বিধাতার হাতে পায় সে যে শান্তির অক্ষয় অধিকার।

এখানে একটি কথা বলা প্রয়োজন, এই স্কুলের নাম যশ প্রতিপত্তি সম্পূর্ণ নির্ভর করছে ছাত্রছাত্রীদের ফলাফলের ওপর। স্কুলের রেজাল্ট প্রতিবারই ভাল হচ্ছে। কলেজের রেজাল্টও ক্রমশ ভাল হচ্ছে। তাদের ফলাফলের সাথে আমাদের একটি বিশেষ সম্পর্ক রয়েছে। কবির ভাষায়,

তোমরা আমাদের জ্ঞাতি,
তোমাদের খ্যাতিতে পাই যেন মোরা নিজেদের খ্যাতি।
তাই আমি বার বার
তোমাদের সার্থকতায় জানাব আমার নমস্কার।

সবশেষে প্রিপারেটরী স্কুল কলেজের সমস্ত শিক্ষক শিক্ষিকাকে শিক্ষার্থীদের ভাল ফলাফলের ব্যাপারে বিশেষভাবে সচেষ্ট হওয়ার জন্য আহবান জানাচ্ছি।

সকল চরম লাভে কষ্ট কিছু হয়
ক্ষত মিথ্যা ক্ষতি মিথ্যা মিথ্যা সর্বভয়।

ছাত্রছাত্রীদের স্বপ্ন সত্য কল্পনা নিয়ে ইতোমধ্যেই বেশ কয়েকটি লেখা লিখেছি। এবারে শিক্ষকগণকে নিয়ে লিখতে ইচ্ছে হল কারণ, কবির ভাষায়-

যারে বেঁধে ধরি তার মাঝে আর
রাগিণী খুঁজিয়া পাই না।
যাহা পাই তাহা ভুল করে চাই-
যাহা পাই তাহা চাই না।

"চেষ্টা করলেই সব ক্ষেত্রে সিদ্ধি লাভ হবে এমন নাও হতে পারে। কিন্তু দায়িত্ববোধ, আত্মসম্মানবোধ এবং যোগ্যতা রয়েছে অথচ চেষ্টা করছে না, সেটা হবে পাপ কলঙ্ক।"

বাংলা সাহিত্যের অসামান্য প্রতিভাবান দার্শনিক কবির উপরিউক্ত গুরুত্বপূর্ণ কথাটির প্রতি সর্বস্তরের শিক্ষক শিক্ষিকাদের দৃষ্টি আকর্ষণ করে, তাঁদের প্রতি আমার আকাঙ্ক্ষা প্রতিভাত করে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

CONSERVATION OF ENERGY

Dr. M. Tamim, Professor, Buet

When there is an oversupply of material, service or commodity, the general human nature tends to appreciate it. Inefficiency and wastage becomes a way of life. Starting from water, coal, oil, gas, copper or tin, human race has plundered all natural resources it could get hold of until scarcity hit them. The term conservation has surfaced from time to time in energy sector whenever the oil price had hit the roof. The latest global scarcity of easily available primary energy (fossil fuel) has once again brought the attention back to the word 'conservation'. The other word that goes hand in hand with conservation is efficiency.

The scientific definition for the law of conservation of energy says that the total energy in the universe remains constant and it cannot be created or destroyed. A simple example explains it (http://www.fi.edu/guide/hughes/energyconservation.html).

Let's look at an electric light bulb. A light bulb changes electrical energy into light energy. If we were to measure these energies for one second, we might get energy numbers that look something like this:

Electrical Energy 100 j (joules) In → Light Energy Out 70 j (joules)

This would suggest that energy is not conserved? Where did the other 30 J of energy go? Remember that energy can change into more than one form simultaneously. And if you feel a light bulb it is very hot. The "missing" energy must have gone into heat energy. So, the actual energies were more like this:

Electrical Energy 100 j (joules) In → Light Energy 70 J (joules) Out + Heat Energu 30 j (joules) Out

This propensity for energy to change into more than one type of energy is extremely common. And the most common energy for this "missing" energy to go to is heat energy. Since our goal for the light bulb is for all of the electrical energy to go into light energy, the heat energy is really "lost" energy. We can rate our light bulb by measuring its efficiency, or percentage of energy that goes where we want it to go. The equation for efficiency is:

$$n = \text{efficiency} = \left(\frac{Energy\ Out}{Energy\ In}\right)100$$

So for our light bulb above, the efficiency would be 70% as shown below:

$$n = \left(\frac{70\ J}{70\ J}\right)100 = 70\%$$

Even though we may "lose" energy in the form of heat, the total energy is still the same. Energy is conserved. So, if all energy is conserved, we can never run out of energy! Right? As we will see, our lives and the lives of energy are not that simple.

The reason it is not simple because the lost energy is not easy to reuse in a meaningful or practical way. The second law of thermodynamics basically says that the universe must run downhill. The net result of any energy changes must be an increase of entropy (or randomness of a system) and the resulting energy will be less useful and more difficult to use than before. As energy changes form, as it does almost constantly, it ages. This means that any energy resource must be finite, and must run out if used often enough over a long enough period of time. From the above equation, it can also be concluded that how well energy is used is equally important.

In simple terms energy conservation means a reduction in energy use and energy efficiency means a change to energy use that results in an increase in net benefits per unit of energy. To understand the importance of these measures some historical data on energy use and present status must be understood. The modern man started using modern energy (fossil fuel) in a significant manner from late 1800 when the world population was a mere one billion. The predominant fuel wood was replaced by coal in about 1885. The Second World War made a quantum jump in oil use mainly in transport sector (ships, tanks, motor vehicles). Since then the quest for fossil fuel and its use increased asymptotically. The driving force of energy behind the industrial revolution was coal but very soon, oil became the choice fuel for its easy transportation, better efficiency and much cleaner handling. Modern commercial energy allowed people to invent new energy intensive technology. At the same time the standard of living improved drastically over just few decades, food production doubled many times that resulted in a population boom. In just one century it reached six billion. For the comfort of modern living, all the countries started using energy in a relentless manner that was not supported by nature. From the history of fossil fuel use and the prediction of future demand, it is clear that the present day living style and attitude cannot be sustained. The burning of all these fossil fuel has also created a new problem for human civilization – the green house gas effect.

The world marketed energy use is expected to increase by 44% from 2006 to 2030. The major increase is expected from developing countries. The Energy Information Administration (EIA) predicts that the oil production will peak in 2030 to 107 million bbl/day from today's 85 billion bbl/day.

The most alarming picture from the EIA prediction is the dominance of fossil fuel in the next twenty years. In all economic zones of the world, fossil fuel use will be more than eighty percent. If new policy and restrictions are not accepted by the world, this will create havoc to our environment. Although the use of nuclear and renewables is expected to increase but it will not be able to outgrow the demand for fossil fuel at the present business as usual scenario. The following pictures give the status of renewables today.



Source: Renewable Energy Annual

The biggest barriers for renewables are its cost, land intensity and inefficiency. The greatest advantage is its sustainability. It is quite clear that if we keep using energy the way we are doing today under the present available resources and technology, the world will head towards a disaster. The human living style and personal energy consumption behavior must be changed for a sustainable future.

The major sectors that use all these energies are:

- Transportation
- Residential
- Commercial
- Industrial

Scope of saving energy in all these sectors is quite extensive. Several studies in developing countries like India and advanced countries like the USA have shown that 23% to 40% energy can be saved through efficiency improvement. In Bangladesh power sector, about 1500 MW of old generation has an average efficiency of 25% only. Installation of new more efficient combined cycle machines at the cost of about a billion dollar would double the electricity production using the same amount of fuel. That is a 100% improvement. The US

is second largest per capita energy user in the world after Canada. Its use is diverse and covers all the above mentioned sectors.

Bangladesh has drafted a conservation act which can be found in the Power division website. As the buildings are major energy user, a lot of emphasis has been given on building codes. Household appliances, lights, insulation, boilers, burners are other areas of importance. Typically, transportation is kept out of conservation act.

Despite obvious benefit from efficiency improvement investment, the move towards such action has been very slow. The foremost barrier is the initial cost. A recent study reported in New York Times (July 29, 2009) showed that an annual investment of 52 billion dollar in the US would save 23% energy in the next ten years which is more than the entire energy used by Canada except transport sector. Apart from high initial investment by some home owners and businesses, the measures are too widespread to manage and implement. Inertia is a deterrent and for some who don't pay the bill, it is not the right type of incentive.

Presently about 20% of US energy supply comes from efficiency but no one could see that benefit due to the 'rebound' factor. The rebound factor has been the greatest battle for conservation and efficiency improvement. It has been seen in almost all countries that whatever gain has been achieved through efficiency improvement, larger appliances and more gadgets have eaten up that advantage. So from the conservation point of view, it is argued that efficiency improvement actually promotes more use of energy. This magnifies the importance of the personal commitment of individuals towards a sustainable world where by using less energy and adjusting lifestyle can ensure a secure future for the next generation.

রবীন্দ্রনাথের দৃষ্টিতে বাঙালির মানস-বৈচিত্র্য

জহিরুল ইসলাম, সহকারী শিক্ষক
বাংলা মাধ্যম (বালক শাখা)

ল বহুজাতির মিশ্রণে সৃষ্টি রক্তসঙ্কর একটি জাতি। এটা বলা হয়ে থাকে যে, শতকরা সত্তর ভাগ অস্ট্রিক, বিশভাগ ীনা, পাঁচ ভাগ নিগ্রো এবং পাঁচ ভাগ অন্যান্য জাতির রক্ত রয়েছে বাঙালি ধমনীতে। মিশ্ররক্তের সঙ্করায়ন অবশ্যই বাঙালির সর্বোচ্চ সুফল বয়ে আনেনি। এছাড়া এ অঞ্চলের আবহাওয়া বৈচিত্র্যের কারণেও প্রতিটি মানুষের মধ্যে কিছু না কিছু ীপ আচরণ লক্ষ্যণীয়। তাই বাঙালিদের নিয়ে ইশ্বরচন্দ্র বিদ্যাসাগর থেকে শুরু করে বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথসহ অনেকেই ভাবে বিচার করেছেন। এদের মধ্যে রবীন্দ্রনাথ ঠাকুর বাঙালি জাতি সম্পর্কে বলেন, আমাদের শ্লেস্মাপ্রধান ধাত, আমাদের কটা আদবেই নেই। আমরা ভারি ভদ্র, ভারি বুদ্ধিমান,কোনো বিষয়ে পাগলামি নেই। আমরা পাস করব,রোজগার করব ও ক খাবো। আমরা এগুবো না, অনুসরণ করব; কাজ করব না, পরামর্শ দিব; দাঙ্গা-হাঙ্গামাতে নেই, কিন্তু মকদ্দমা মামলা ও লিতে আছি। অর্থাৎ হাঙ্গামার থেকে হুজ্জতটা আমাদের কাছে যুক্তিসিদ্ধ বোধ হয়। লড়াইয়ের থেকে পালিয়ে যাওয়াতে শ রক্ষা হয় এরকম আমাদের বিশ্বাস। বাঙালি জাতির এই স্বভাব বৈশিষ্ট্য নিয়ে আক্ষেপ থাকাটাই স্বাভাবিক।

তারা এমন?

নাথের ভাষায়, আমরা না পড়ে পন্ডিত, না লড়ে বীর, আমরা ধাঁ করে সভ্য, আমরা ফাঁকি দিয়ে পেট্রিয়ট। সভ্য বাঙালিরা ক সময় আড়ালে-আবডালে এবং অগোচরে মানুষের বিভিন্ন বিষয় নিয়ে দোষচর্চায় মেতে উঠে। সেখানে গালিগালাজসহ হয়। রবীন্দ্রনাথ বলেন, গালিগালাজ জিনিসটা চিরপ্রত্যাশিত, বাংলাদেশে যখন জন্মেছি তখন কটুক্তির হিল্লোল উঠলেই ব করি স্বদেশী হাওয়া সেবন করছি। সেখানে এ পরচর্চাটা নোংরা আলোচনার পর্যায়ভুক্ত হয়-অমুক মানুষের দাতঁগুলো .., া বোঁচা, ভুড়ি ঢোলের মতো অথবা অমুক লোকটা নানা ধরনের খারাপ কাজে লিপ্ত। এর উৎস হচ্ছে অহংকার ও ঈর্ষা। ক সময় এর জোরে দাপটে অহমিকায় মানুষকে খাটো ও হেয় মনে করি। এমনকি নিজেদের বিভিন্ন ক্ষেত্রে বড় বুদ্ধিমান, াপের মানুষ মনে করি। মানুষকে নির্বোধ বোকা ভেবে নিজের শ্রেষ্ঠত্ব প্রমাণের অপচেষ্টায় লিপ্ত হই। "বাঙ্গালির ধর্মই বাদ করা"- রবীন্দ্রনাথের একথার প্রমাণ আমরা অহরহ রাখছি। তোমার পূর্বপুরুষ কোন এককালে রাজ দরবারের ঝাড়ুদার ন সেটা বড় কথা নয়, তুমি কী, তোমার কর্মকান্ড কী- সেটাই হচ্ছে বড় পরিচয়। আমাদের হাতে এত সময় যে, অন্যের ধরতে আমরা সিদ্ধহস্ত। এমন কোনদিন নেই যে, মানুষ পরনিন্দা করছে না। এটা আমাদের মজ্জাগত অভ্যাস হয়ে য়েছে। ট্রাফিক জ্যামে, ব্যাংক টেলারগুলোতে কিংবা অফিস সহকর্মীদের সাথে কিছুক্ষণ বসলেই নিন্দার মচ্ছব বয়ে যায়। পগুলোতে কান পাতলেই এর সত্যতা ধরতে পারবো। এর মাধ্যমে নিজের দুর্বলতা কাটানোর অর্ন্তনিহিত প্রচেষ্টা থাকে। সাথে অপরের দোষ গেয়ে 'মানুষের' পর্যায়ে পড়ে সবার আস্থা-বিশ্বাস, সম্মান, মর্যাদা হারায়-যা সে টের পায় না। তাকে া করে সত্য, কিন্তু মনে প্রাণে ঘৃণা করে। শুভবুদ্ধিসম্পন্ন লোকরা এ অশুভচর্চার মধ্যে পড়ে খুব অসহায়বোধ করেন। একটু ন হলে আমরা এ কুগুণটি থেকে রেহাই পেতে পারি। অনুভূতিতে আমরা অল্পপ্রাণ তাই বাঙালির মানস সম্পর্কে তিনি , এরা খুব অল্প অনুভব করে, অল্প চিন্তা করে এবং অল্পই কাজ করে- সেই জন্য এদের মনের সংঘর্ষে কোনো সুখ নেই। ীকাতরতা' অর্থাৎ অন্যের শ্রী দেখে নিজে কাতর হওয়া'র মত বদগুণটি আমাদের ভালই আছে। এই ভুবনের কোন জাতি দুরে থাক কোন ভাষার মধ্যেও এই শব্দটি দেখা যায় না। এই পরশ্রীকাতর বাঙ্গালি বাংলা সাহিত্য ভালই সৃজন করেছে। রুর মতে, কারণ সেটা বহুজনে মিলে করতে হয়নি।

া কিছু মানুষকে দেখি তার আচরণ দিয়ে বিচার করতে বসে। কিন্তু এটা বৈজ্ঞানিকভাবে সত্য যে, একজন মানুষ খাঁটি হওয়া না হওয়া তার জাতি, বর্ণ বা ভাষার উপর নির্ভর করে না। নির্ভর করে কিছুটা তার উত্তরাধিকার, কিছুটা পারিবারিক বেশ ও বেশির ভাগটাই তার ব্যক্তিসত্ত্বার উপর নির্ভর করে। আমাদের এ ভুল স্টেরিওটাইপের জন্য দায়ী লোককথা, নাটক নেমা ইত্যাদি। এজন্যই আমরা বেশ কিছু ভুল বিবেচনা করি। আমাদের আভিজাত্য নিয়ে রবীন্দ্রনাথ বলেন, হায় বঙ্গদেশ, ার উচ্চতাবিহীন সমতলভূমিতে 'নোবলিটি', প্রাচীন আভিজাত্য টিকিতে পারে না। তোমার নদীস্রোতঃসংকুল পলিমাটিতে যেখানে স্থল কাল সেখানে জল, আজ যেখানে গ্রাম কাল সেখানে নদী, আজ যিনি উকিল কাল তিনি জমিদার, বাপ যার দার পুত্র তার স্কুলমাস্টার মাত্র, অদ্য যে present system of education কে অবজ্ঞা করে তারই পৌত্র বি.এ পাশ- বিয়ের হাটে উচ্চদরে বিকিয়ে যায়। রবীন্দ্রনাথ বলছেন, আমারা বাঙ্গালিরা অধিকাংশই চিন্তাশীল এবং দুর্ভাগ্যক্রমে ীন' চিন্তার অর্থ এই- যে চিন্তার কোনো অবলম্বন নেই; যার জন্য কোনো বিশেষ শিক্ষা বা সন্ধান, প্রমাণ বা দৃষ্টান্তের কোনো জন মনে করে না।

এটা কি একজন আত্মমর্যাদা সম্পন্ন লোকের পক্ষে করা ঠিক?

বাঙালি চিরদিন দলাদলি করতেই পারে, কিন্তু দল গড়ে তুলতে পারে না। এ কথাটি মহান রবীন্দ্রনাথই বলেন। বাঙালি একাই একশ। একশ বাঙালি কখনও এক হতে পারে না- এটা একটা প্রচলিত কথা। কেন পারে না? কারণ তাঁর কথা মতে, আমরা দলাদলি ঈর্ষা ক্ষুদ্রতায় জীর্ণ আমরা একত্র হতে পারি না, পরস্পরকে বিশ্বাস করি না, আপনাদের মধ্যে কারও নেতৃত্ব স্বীকার করতে চাই না।

তাহলে আমরা কী করব? রবীন্দ্রনাথ বলেন, আমি কোনে বসে বসে খুঁত খুঁত করব, বিচার করব, তর্ক করব, মনটাকে নিয়ে একবার ওল্টাব একবার পাল্টাব- যেমন করে মাছ ভেজে-ফুটন্ত তেলে একবার এপিঠ চিড়বিড় করে উঠবে, একবার ওপিঠ চিড়বিড় করবে। আর কিসে আনন্দিত আমরা? তাঁর ভাষায়, বাঙালি নৈয়ানিক-বাঙালি অতি সুক্ষ যুক্তিতে বির্তর্ক, কর্ম উদ্যোগের আরম্ভ থেকে শেষ পর্যন্ত বিপরীত পক্ষ নিয়ে বন্ধ্যা গর্বে প্রতিবাদ করতে তার অদ্ভুত আনন্দ। বাঙালি কিন্তু আজ বর্হিবিশ্বে চোখ ধাধানো কর্ম ও দৃষ্টান্ত রাখছে।

'ভোতো বাঙালি' বলে আমাদের উপহাস করা হয়। আমাদের বাহুবল নেই, সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বলেন। কেননা রবীন্দ্রনাথের মতে, আঘাত উপস্থিত হলে মাথা পেতে লই, মৃত্যু উপস্থিতি হলে নিশ্চেষ্ট হয়ে মরি, বিচার উপস্থিত হলে নিজের অদৃষ্টকেই দোষী করি এবং আত্মীয়ের বিপদ উপস্থিত হলে দৈবের উপর তার ভার সর্মপণ করে বশে থাকি। বাঙালি যে কী পরিমাণ অদৃষ্টবাদী তার নমুনা তিনি দিচ্ছেন, সকল রকম ক্ষমতার কাছেই আমরা পরাভূত হয়ে আছি, প্রকৃতি যখন উপদ্রব করে তাও সয়ে থাকি এবং শাস্ত্র চিরকাল ধরে যে যখন উপদ্রব করে তার বিরুদ্ধেও কথাটি বলতে সাহস হয় না।

স্ত্রীলোকদের প্রতি বাঙালি নীচতা সর্ম্পকে রবীন্দ্রনাথ বলেন, স্ত্রীলোকের সুখ স্বাস্থ্য স্বাচ্ছন্দতা আমাদের নিকট পরম পরিহাসের বিষয়, প্রহসনের উপকরণ। আমাদের ক্ষুদ্রতা ও কাপুরুষতায় অন্যান্য লক্ষণের মধ্যে এটিও একটি।

আমাদের ভদ্রতাবোধ নিয়ে রবীন্দ্রনাথ বলেন, এখন আমাদের ভদ্রতাকে সস্তা কাপড়ে অপমান করে; বিলাতি গৃহসজ্জার অভাবে উপহাস করে। চেকবইয়ের অংকপাতের ন্যূনতায় তার প্রতি কলংকপাত করে- এমন ভদ্রতাকে মজুরের মতো বহন করে গৌরববোধ করা যে কত লজ্জাকর তা আমরা ভুলতে বসেছি।

আমরা যত সভ্য হচ্ছি ততটাই উদ্ভট আচরণ করছি। নগর শহরাঞ্চলে রাতে বিয়ে-হলুদ অনুষ্ঠান নিয়ে যেভাবে আহাজারি মার্কা গান হয় তাতে আশেপাশের প্রতিবেশীরা পীড়িতবোধ করেন বৈকি। তিনি বলেন, আমাদের দেশে আধুনিক বিয়ে সানাইয়ের সাথে বিলাতি ব্যান্ড বাজানো বড়মানুষি বর্বরতার একটি অঙ্গ। বাঙালির আর্তনাদ নিয়েও প্রশ্ন তুলে বলেছেন, গরুও সময়ে সময়ে সকরুণ হাম্বা রব করে, বাঙালিও সময়ে সময়ে দেশী-বিদেশী ভাষায় আর্তনাদ করে থাকে। এফ. এম. রেডিওগুলোর চ্যানেল শুনলে আমরা বুঝতে পারবো। বাঙালির অন্নগ্রহণ নিয়ে তিনি বলেন, আহারের রুচি এবং অভ্যাস সম্বন্ধে যেমন বাংলাদেশে কদাচার এমন আর কোথাও নাই। পাকশালা এবং পাকযন্ত্রকে অত্যন্ত অনাবশ্যক আমরা ভারগ্রস্ত করে তুলেছি। পুরনো ঢাকার হাজির বিরানী কিন্তু আমরা কাঁঠালপাতায় খেয়ে থাকি। এটা কোন ব্যাপার না। ঐতিহ্য । কিন্তু ঐতিহ্যের দিকে কথা না বলে তিনি বলেন, আমাদের দেশে কলার পাতায় খাওয়া তো কোনদিন লজ্জাকর ছিল না, একলা খাওয়াই লজ্জাকর।

বলা হয়ে থাকে, বাণিজ্যে বসতি লক্ষ্মী। বাঙালি শিক্ষার্থীরা চাকুরী করাকে অত্যন্ত উঁচু দরের কিছু ভাবে। তাই রবীন্দ্রনাথ বলেন, এই দেশব্যাপী চাকুরীর তাড়নায় আজ সমস্ত বাঙালি জাতি দুর্বল, লাঞ্ছিত, আনন্দহীন। এই চাকুরীর মায়ায় বাংলার বহু সুযোগ্য শিক্ষিত লোক কেবল যে অপমানকেই সম্মান বলে গ্রহণ করছে তা নয়, তারা দেশের সাথে ধর্মসম্মন্ধ বিচ্ছিন্ন করতে বাধ্য হচ্ছে।

বাঙালি স্বামী- স্ত্রীর দ্বৈত মানসিকতা নিয়ে তিনি বলেন, স্বামী যেখানে ঝাঁঝালো সোডাওয়াটার চায়, স্ত্রী সেখানে সুশীতল জল এনে উপস্থিত করে। ত্রুটিমুক্ত মানুষ কেন, দেবতাও খুঁজে পাওয়া মুশকিল। কিন্তু আমরা চেষ্টা করলে আমাদের ক্ষুদ্র ক্ষুদ্র মুদ্রাদোষগুলো পরিহার করতে পারি। তাই তো রবীন্দ্রনাথ বলেন, মানুষকে ক্ষমা করতে গেলে মানুষকে বুঝতে হয়।

যাদের নিজেদের চরিত্রের ত্রুটি-বিচ্যুতি কম তারা অন্যের সমালোচনা করে না। আপন মনে কাজ করে যান। নিজেকে যতটা সম্ভব নিষ্কলুষ রাখার চেষ্টা করেন। সৎ ব্যক্তিরা মাঝে মধ্যে নির্বিচারে সবাইকে চোর বলেন।। কিন্তু যে নিজে অসৎ সে অন্যকে অসৎ বলা না পর্যন্ত শান্তি নাই। তবে তিনি বলেন, পরকে আপন করতে প্রতিভার প্রয়োজন।

"ইটের পরে ইট, মাঝে মানুষ কীট
নাইকো ভালবাসা নাইকো খেলা" (মানসী কাব্যেগ্রন্থের কবিতা)

সে প্রতিভা এই ইট-পাথরের জঞ্জাল শহরে কয়জনের আছে? ভাবতে অবাক লাগে আজ থেকে শত বছর পূর্বে এই রবীন্দ্রনাথ ঠাকুর বলেন, শহরের মানুষ কখনো ঘনিষ্ঠভাবে সম্মন্ধযুক্ত হতে পারেনা। দূরে যাবার দরকার নেই কলকাতা শহরে, যেখানে আমরা থাকি,

[illegible] সঙ্গে সেখানে প্রতিবেশীর সুখ দুঃখে বিপদে কোনো সম্বন্ধ নেই। আমরা তাদের নাম পযর্ন্ত জানি না। এই বাংলাদেশের [illegible] শহরের ফ্লাট-বাড়ি সংস্কৃতির দিকে তাকালে আমরা তাঁর কথার প্রাসঙ্গিকতা উপলব্ধি করতে সক্ষম হই।

[illegible] বাঙালি আছেন যারা হিউমার বা হাস্যরস ভালবাসেন। নানারকম হিউমার বা হাস্যরসের অবতারণা করে বহু নীরস [illegible] লঘু করে দেন। রবীন্দ্রনাথ হাস্যরস নিয়ে বলেন, হাস্যরস প্রাচীনকালের ব্রহ্মাস্ত্রের মতো, যে ওর প্রয়োগ জানে সে [illegible] নিয়ে একেবারে কুরুক্ষেত্র বাধিয়ে দিতে পারে আর যে হতভাগা ছুঁড়তে জানে না অথচ নাড়তে যায়, তার বেলায় 'বিমুখ [illegible] অসি অস্ত্রীরেই বধে'। এমন কিছু মানুষের দেখা মিলে যারা অন্যের দুর্দশাতেও হাসে। তবে বদ মতলবহীন অনাবিল [illegible] সৃষ্টিতে সক্ষম ব্যক্তিত্বকে সকলে পছন্দ করে। বাঙালি ভালোকে ভালো বলতে কুণ্ঠিত হয়। ভাবনায় নিমজ্জিত হয়। ঐ [illegible] কবিতায় আছে,

করিতে পারি না কাজ
সদা ভয় সদা লাজ
সংশয়ে সংকল্প টলে
পাছে লোকে কিছু বলে।

[illegible] বলেন, ভালো লাগা এবং ভালো বলার সম্বন্ধে অনেক লোকেরই একটা ভীরুতা আছে, পাছে ভুল করে অপদস্থ হই, এ [illegible] ছাড়তে পারে না। এইজন্য ভালোকে অর্ভ্যথনা করে নেবার বেলায় তারা অন্য লোকের পিছনে পড়ে যায়।

[illegible] দেশে ভালো ছেলের সংজ্ঞাটা বড় অদ্ভুত। রবীন্দ্রনাথ তাই প্রবন্ধে বলেন, তারাই আমাদের দেশের ভালো ছেলে [illegible] গ্রন্থের পত্রচর, ছাপার অক্ষরে একান্ত আসক্ত, বাইরের প্রত্যক্ষ জগতের প্রতি যাদের চিত্তবিক্ষেপের কোনো আশংকা [illegible] এরা পদবি অধিকার করে, জগৎ অধিকার করে না। এরকম 'ভালো ছেলে' আমরা অহরহ দেখছি।

[illegible] ভিনদেশীরা যেভাবে দেখেছে সেই দেখাটা সঠিক ছিল না। চকিত চাহনিতে বাঙালিকে কতটা আর বুঝতে পেরেছে [illegible] কিন্তু এদেশের অনেক প্রতিভাবান ব্যক্তি আমাদের এই ক্রটির কথা বলেছেন। সেসব কথার অনেক সত্যতা রয়েছে। [illegible] ঠাকুর তাদেরই একজন। তিনি অনেক ইতিবাচক কথাও বলেন। বাঙ্গালির প্রকৃতি নিয়ে বলেন, আমরা প্রধানত [illegible] বণিক অথবা পথিক-জাতি না হতেও পারি, কিন্তু আমরা সুশিক্ষিত পরিণতবুদ্ধি সহৃদয় উদারস্বভাব মানবহিতৈষী গৃহস্থ [illegible] উঠিতে পারি এবং বিস্তর অর্থসার্মথ্য না থাকলেও সদা সচেষ্ট জ্ঞান-প্রেমের দ্বারা সাধারণ মানবের সাহায্য করতে পারি। [illegible] আরো বলেন, বাঙালিকে আমি শ্রদ্ধা করি। তিনি বলেন, বাংলাদেশের মাটিতে আছে ফলপ্রসু কল্পনার বীজ, তাই বাঙালির [illegible] অনন্ত সম্ভাবনা। এই জেনারেশানের কাছ থেকে হয়তো খুব বেশী কিছু পাওয়া যাবেনা, কিন্তু পরবর্তী কালকে দাবিয়ে [illegible] কে? আমাদের চিত্তের নমনীয়তা নিয়ে তিনি বলেন, আমাদের এই বৃহৎ দেশের মধ্যে বাঙালিই সব প্রথমে নতুনকে গ্রহণ [illegible] এবং এখনো নতুনকে গ্রহণ ও উদ্ভাবন করার মতো তার চিত্তের নমনীয়তা আছে। তাই আজকের বাস্তবতায় বিশ্বকবি [illegible] ঠাকুরের সার্ধশততম জন্মবর্ষ উপলক্ষে আমাদের অনেক কিছুই ভাবতে ও কাজ করতে হবে।

শিক্ষা, শিল্পকলা ও সংস্কৃতিচর্চা

ইকবাল আহমেদ
সহকারি শিক্ষক (ড্রইং), মাধ্যমিক, বালিকা শাখা

সামাজিক মানুষ হিসেবে কর্মক্ষেত্র যেখানেই হোক, শিক্ষা, শিল্পকলা ও সংস্কৃতি এই তিনটি বিষয় প্রায়শ ব্যাপক মানুষের মধ্যে শিক্ষিত অল্পশিক্ষিত ও নিরক্ষর নির্বিশেষে বিভ্রান্তি সৃষ্টি করে চলেছে। যেহেতু আমাদের মত অনগ্রসর দেশ, যেখানে আজও ব্যাপক শিক্ষার প্রসার ঘটেনি, ব্যাপক অংশ নিরক্ষর এবং সমাজ জীবনে সামন্ততান্ত্রিক ক্ষয়িষ্ণু মূল্যবোধ ইত্যাদি প্রাধান্য রয়ে গেছে, তাই নানান সময়ে ঐতিহাসিক কারণে তিনটি বিষয় সম্পর্কে শিক্ষিত জনগোষ্ঠীর মধ্যে অস্পষ্ট ও বিচ্ছিন্ন ধ্যান ধারণা দীর্ঘকাল ধরে শিকড় গেড়ে বসে আছে।

স্বাধীনতা উত্তর চার দশকে সংস্কৃতির বিভিন্ন আঙ্গিনার একাংশে সাহিত্যে, সঙ্গীতে, চলচ্চিত্রে, নাটকে, বেতার, টিভি, সংবাদপত্র ও জনপ্রিয় পত্র-পত্রিকাতে প্রচারে, বিজ্ঞাপনে প্রতিনিয়ত অসুস্থ ও অবক্ষয়ী মূল্যবোধের লালন-পালন করা হচ্ছে, যার ব্যাপক প্রভাব পড়েছে সমাজের সর্বস্তরে, আচার-আচরণ, চলাফেরা, কথা বার্তায়, পোষাক-পরিচ্ছেদ, রুচিবোধে- এক কথায় গোটা সমাজ জীবনে তার অভিব্যাপ্তি ঘটছে। বহু হাজার বছরের পরম্পরা ও ঐতিহ্যের যা কিছু মূল্যবান সম্পদ সে সম্পর্কে বিরূপ ধারণা গড়ে উঠেছে। প্রচলিত বা সুস্থ মূল্যবোধ ও তার মূলে আঘাত করা হচ্ছে। আত্মকেন্দ্রিকতা, সমাজ বিচ্ছিন্নতা, অযৌক্তিক বিশেষজ্ঞ তৈরী হবার প্রবণতা, পেশাগত সামাজিক দায়িত্ব পালনে অনীহা সামাজিক ও সাংস্কৃতিক পরিবেশকে জীবনবিমুখ চোরাগলিতে নিয়ে যাচ্ছে।

ফলে চূড়ান্তভাবে ব্যাহত হচ্ছে বিভিন্ন বিষয়ের যুগোপযোগী অগ্রগতি, বাধাপ্রাপ্ত হচ্ছে সমাজে সুস্থ মানবিক মূল্যবোধের সৃষ্টির প্রশ্নটি। সার্বিকভাবে সমাজ প্রগতির স্বপ্নকে ব্যাপক মানুষের যোগদানের মধ্যদিয়ে জীবনকেন্দ্রিক গণমুখী প্রয়াস সৃষ্টি হবার মত গুরুত্বপূর্ণ বিষয়টি ক্ষতিগ্রস্থ হচ্ছে। সবদিক থেকে বিবেচনা করলে এ কথা বলতেই হবে যে সমস্যাটি খুব জরুরী, কেবল তাই নয়, পরে করব বলে ফেলে রাখা হলে তা সমাজের পক্ষে আত্মঘাতী কাজ হবে। কারণ একাধিক, তবে প্রতিপদে এই অসুস্থ পরিবেশ সুস্থ ও বিবেকবান মানুষকে শঙ্কিত করছে, বিচলিত করছে, যথেষ্ট ভাবিয়ে তুলছে। এই বাস্তব অবস্থার শিকার আমরা সকলে। ফলে শিক্ষা, শিল্পকলা ও সংস্কৃতিচর্চা সম্পর্কে বিজ্ঞানসম্মত দৃষ্টিভঙ্গি গড়ে তোলার অবকাশ রয়েছে।

বাস্তব প্রেক্ষাপট থেকে আমরা দেখছি সমস্যার মূল খুবই গভীরে। সব সমাধান যেমন এখনই করা যাবে না, তেমনি আবার স্বল্প কিছু করারও যে সুযোগ রয়েছে, তা খুব তুচ্ছ বিষয় নয়। হয়তো এ মুহূর্তে এগুলি গুরুত্বপূর্ণ নয়। কিন্তু এর ফল সুদূর প্রসারী। প্রথমেই এ কথাটি আমাদের বুঝতে হবে যে শিক্ষা, শিল্পকলা ও সংস্কৃতি সমগ্র বিষয়টির সার্বিক অগ্রগতি নির্ভর করে আর্থ-সামাজিক অগ্রগতির উপর। এর দ্বারা এ কথা মনে করার কোন কারণ নেই যে সকলকে হাত গুটিয়ে বসে থাকতে হবে। অথবা করণীয় কিছু নেই ভেবে হতাশাগ্রস্ত হতে হবে। নিশ্চয়ই কিছু ঐতিহাসিক সীমা বদ্ধতা ও সামাজিক বাস্তবতা আমাদের উদ্দেশ্যের পরিপন্থী। কিন্তু আশাবাদী হবার মত উপাদান রয়েছে। ইতিবাচক ও নেতিবাচক দুই দিকই আছে।

বোকা মেয়ে

তানিয়া আক্তার
শ্রেণী: একাদশ, রোল: ০৪, শাখা: এইচ নিউম্যান

[illegible] আমি সপ্তম শ্রেণীর ছাত্রী। সকাল থেকেই অঝোর ধারায় বৃষ্টি হচ্ছে, তাই স্কুলে যেতে হয়নি। ভাবলাম, সারাটা দিন টিভি [illegible] কম্পিউটারে গেমস খেলেই কাটিয়ে দেব। যেই মাত্র টিভি অন করলাম, ঠিক সেই মুহূর্তেই টেলিফোন বেজে উঠল। [illegible] ধরতেই ওপাশ থেকে এক ভরাট কণ্ঠ শোনা গেল। হ্যালো, কে তানিয়া? কণ্ঠ শোনামাত্রই বুঝতে পারলাম বড় খালু। [illegible] আম্মু রিসিভার নিয়ে কথা বলার পর দেখলাম, আম্মু খুব জলদি করে রান্নাবান্নার কাজ শেষ করে হন্তদন্ত হয়ে কোথাও [illegible] জন্য প্রস্তুত হতে লাগল। তারপর শুধু যাওয়ার সময় বলে গেল, তোমার বড় খালামনি অসুস্থ। আমি সেখানে যাচ্ছি। [illegible] রাত হতে পারে। দুপুরে খেয়ে নিও। এই বলে আম্মু ছোটবোন স্নেহাকে নিয়ে বৃষ্টির মধ্যে বের হয়ে গেল। আমার [illegible] পরীক্ষা ছিল, তাই আমি গেলাম না, আব্বু অফিসে সুতরাং বাসায় আমি একা। তারপর টিভি অন করে টিভি দেখতে [illegible] কখন যে ঘুমিয়ে পড়েছি, তা মনে নেই। ঘুম ভাঙ্গল সন্ধ্যার কিছুক্ষণ আগে। বাইরে খুব সুন্দর বৃষ্টি হচ্ছিল তাই পড়া [illegible] নিয়ে বারান্দায় গিয়ে দাঁড়ালাম। কিন্তু বৃষ্টির ফোঁটা শরীরে এসে লাগতেই বারান্দার দরজা ভিড়িয়ে ভিতরে এসে পড়তে [illegible]। এর মাঝেই বিদ্যুৎ চলে গেল। বিদ্যুৎ চলে যাওয়ার সাথে সাথেই পুরো ঘর জুড়ে অন্ধকার নামল, এবং অন্ধকারে [illegible] যেন হিস হিস শব্দ শুনতে পেলাম। আমার মেরুদণ্ড বেয়ে হালকা শীতল এক স্রোত নেমে গেল। বৃষ্টির কারণে প্রচন্ড [illegible] ঠান্ডা থাকা সত্ত্বেও আমি দর দর করে ঘামতে লাগলাম। অন্ধকার খুব অসহনীয় লাগায় মোমবাতি খুঁজতে শুরু করলাম। [illegible] মোমবাতি আম্মুর রুমে। আম্মুর রুমে গিয়ে যা দেখলাম তাতে আমি ভয়ে পুরো কাঠ হয়ে গেলাম। দেখলাম কে [illegible] বিছানার ওপর অস্বাভাবিক ভঙ্গিতে বসে আছে। দেখার সাথে সাথে আমি ভয় পেয়ে দৌড় দিলাম আমার রুমে। দৌড়াতে [illegible] পড়ে গিয়ে হাঁটু ছরে গেল। একদিকে হাঁটুর যন্ত্রণা ও অন্যদিকে ভয় দুটোই আমাকে পেয়ে বসেছিল। তারপর টেবিলের [illegible] থেকে First Aid এর বাক্স বের করার জন্যই ড্রয়ার খুলতেই, কে যেন টেবিলের নিচ থেকে পা চেপে ধরল। আমি ভয়ে [illegible] দিয়ে উঠলাম। এবং পরক্ষণেই মাটিতে পড়ে গিয়ে জ্ঞান হারালাম। তারপর আমার কিছুই মনে নেই। জ্ঞান ফেরার পর [illegible] আম্মু পাশে এবং বলল অনেকক্ষণ ধরে কলিংবেল দিয়ে সাড়াশব্দ না পেয়ে দরজার লক ভেঙ্গে ভেতরে ঢুকে দেখে আমি অজ্ঞান হয়ে পড়ে আছি। তারপর আম্মু জিজ্ঞেস করলে আম্মুকে সব বললাম। আমার কথা শুনে আম্মু খুব হাসল। পরে [illegible] বোকা মেয়ে, আমার রুমের সব কাপড় চোপড় একসাথে করে রাখায় এমন লাগছিল। পরে গিয়ে দেখলাম সত্যিই কাপড়গুলো সব এমনভাবে রাখা ছিল যে অন্ধকারে দেখলে মনে হবে, কোনো মানুষ বসে আছে। কিন্তু ...... কিন্তু সেই অন্ধকারে আমার পা কে চেপে ধরেছিল সেই রহস্যের সমাধান আমি আজও পাইনি।

ভালোবাসার মানুষ

শেখ আশা আক্তার শিমু
শ্রেণী : একাদশ, রোল : ৫৯

এই পৃথিবীতে প্রত্যেক ব্যক্তি কোন না কোন মানুষকে ভালোবেসে থাকে, ঠিক তেমনি আমিও একজন ব্যক্তিকে ভালবাসি। সে হল আমার প্রিয় 'মা' আর মায়ের এই ভালোবাসা পৃথিবীর সব ভালোবাসার উর্ধ্বে খাঁটি, নিঃস্বার্থ এমনকি মধুময় হয়ে থাকে। এই মধুময় ভালোবাসার সাথে পৃথিবীর আর কোন কিছুর তুলনা করা যায় না। মা পৃথিবীর সর্বশ্রেষ্ঠ আপনজন। মায়ের তুলনা পৃথিবীর অন্য কোন ব্যক্তির সাথে হয় না। মা তার সন্তানকে দশ মাস দশ দিন গর্ভে ধারণ করে জন্ম দেবার পর হতে প্রতিটি মুহূর্তে তার সন্তানের মঙ্গল কামনা করেন। সন্তানের ভালোর জন্য মা তার সকল স্বার্থ ত্যাগ করেন। এমনকি শিশু জন্ম নেবার পর তার সব চাইতে সুন্দর নিরাপদ স্থান হচ্ছে তার মায়ের কোল। শিশু তার মায়ের কোলে যতটা নিরাপদ থাকে, অন্য কোন জায়গায় কোনস্থানে বা অন্য কারো কোলে ঠিক ততটা নিরাপদ থাকে না। তাই বিশ্বের জ্ঞানী ব্যক্তিরা বলেছেন যে, "বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে"। পৃথিবীতে অনেক ধরণের মানুষ রয়েছেন যেমন:- ধনী ব্যক্তি, গণ্যমান্য ব্যক্তি, খ্যাতিসম্পন্ন ব্যক্তি ইত্যাদি আরো ভালো মানুষ রয়েছে কিন্তু মা এমন একজন ব্যক্তি যাকে অন্য কোন ব্যক্তির সাথে তুলনা করা যায় না। একজন সন্তানের কাছে সব চাওয়া-পাওয়ার উর্ধে এমনকি সবচেয়ে দামি ব্যক্তি হল তার মা। মা কথাটি খুবই পবিত্র একটি কথা। আর মা ডাকটি আমাদের অন্তর থেকে আসে। আমাদের পবিত্র হাদীস গ্রন্থে বলা হয়েছে যে, "মায়ের পায়ের নিচে সন্তানের বেহেশত।" একজন সন্তানের জন্য তার মা সকল ধরণের বাধা-বিঘ্ন, বিপদ-আপদ ইত্যাদি অতিক্রম করে থাকেন।

কথায় বলে যে, "মা তার সন্তানের জন্য বিপদের সমুদ্রও পাড়ি দিতে পারেন এতে তার কোন কষ্ট হয় না। মায়ের দোয়া সবসময় সন্তানের মাথার উপর থাকে। আর সবচাইতে বেশি মায়ের দোয়া সন্তানের জন্যই কাজে লাগে। কথায় বলে যে, "মায়ের জন্য সন্তান, আর সন্তানের জন্য মা।" যে সন্তানের প্রতি মা সন্তুষ্ট থাকেন, সেই সন্তানের প্রতি মহান আল্লাহতায়ালাও সন্তুষ্ট থাকেন। আর যেই সন্তানের কথায় মা কষ্ট পান, মা সন্তুষ্ট হন না, সেই সন্তানের জায়গা হচ্ছে পৃথিবীর সবচাইতে নিম্নতম স্তরে এমনকি পরকালে তার স্থান হচ্ছে জাহান্নামে। তাই পৃথিবীতে মায়ের ভালবাসা অন্য কোন ব্যক্তির পক্ষে দেয়া সম্ভব নয়। তাই আমি সবশেষে বলতে চাই যে, মা আমাদের পৃথিবীতে সবচাইতে আপনজন। তাই আমাদের সকলের উচিত মাকে ভালোবাসা, মাকে শ্রদ্ধা করা, মাকে ভক্তি করা, মায়ের কথামতো চলা, মায়ের বিপদে-আপদে এগিয়ে যাওয়া এমনকি মায়ের দুঃখ-কষ্টের সময় পাশে গিয়ে দাঁড়ানো। মা আমাদের কাছে আছেন বলে হয়তো বা আমরা মায়ের মর্ম বুঝতে পারি না। মা আমাদের পাশে থাকেন, আমাদেরকে ভালোবাসেন প্রাণভরে, এমনকি আমাদের অসুখের সময় সেবা-যত্ন করেন বলে হয়তো বা আমরা মা ছাড়া এতিম সন্তানদের কষ্ট বুঝতে পারি না। কিন্তু যেদিন মা আমাদেরকে ছেড়ে পৃথিবী থেকে অনেক দূরে চলে যাবেন সেদিন বুঝে কি কোন লাভ হবে? সেদিন কে আমাদেরকে বুকে জড়িয়ে ভালবাসবে? কে আমাদেরকে বিপদের সময় সান্তনা দেবে? তা কি কেউ জানেন? আমরা মায়ের কাছে চিরজীবন ঋণী থাকব। আমরা আমাদের গায়ের চামড়া খুলে যদি পাপোষ বানিয়ে দেই তবুও তাঁর ঋণ শোধ হবে না।

"আমরা এরকম কিছু করব না,
যাতে আমাদের মায়েরা মনে কষ্ট বা আঘাত পান।"
"আল্লাহ হাফেজ"

গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডস থেকে

মারুফা আক্তার মিতু
শ্রেণী: একাদশ, রোল: ৫১

সাপের সঙ্গে বসবাস:

১৯৭৯ সালের ২৭মে পিটার স্পাই ম্যান নামে এক লোক একটি কাচের ঘর থেকে বেরিয়ে আসে একটানা পঞ্চাশ দিন পৃথিবীর ভয়ঙ্করতম বিষাক্ত সাপের সঙ্গে দিন কাটানো শেষ করে। সেখানে ব্যাক মাম্বা ও ভয়ংকর গোখরাও ছিল অথচ পিটার ছিল অক্ষত।

আয়ুষ্মান কুকুর:

চার বছর বয়সী এক কুকুর একটি পাহাড় চূড়ো থেকে পা পিছলে ৯১ মিটার নিচে মাটিতে আছড়ে পড়ে। পড়ামাত্র নিজে উঠে দাঁড়ায়, কুকুরটি এবং কুঁই কুঁই ডাক ছেড়ে চলে যায়। তার কোন শারীরিক ক্ষতি হয়নি, শুধু চোখ জোড়া টকটকে লাল দেখাচ্ছিল।

কারাদন্ডের বিশ্ব রেকর্ড:

ফিলিপাইনের এক ব্যক্তিকে ২০০৬ সালে ১৫ হাজার ৪০০ বছরের জন্য কারাদন্ডে দন্ডিত করা হয়েছিল।

৭ বছর বয়সে বৃদ্ধ:

চার্লস ওয়ার্থ ১৮২৯ সালে ইংল্যান্ডে জন্মগ্রহণ করেন। চার বছর বয়সে তার দাঁড়ি ও গোঁফ জন্মায়। মাত্র ৭ বছর বয়সে বৃদ্ধ হয়ে মারা যায় সে।

অ্যান্ড:

১৯৮২ সালে ১২ বছর বয়সী এস্টেল নরম্যান সিদ্ধান্ত নেয় অ্যান্ড শব্দটি কতবার বাইবেলে লেখা আছে গুনে দেখবে। সে গুনে দেখে মোট ৪৬ হাজার ২২৭ বার শব্দটি লেখা রয়েছে।

১০০ বছর হাসপাতাল:

[illegible] নেলসন একটি অবিশ্বাস্য রেকর্ডের অধিকারী। এই মহিলা একনাগাড়ে ১০০ বছর হাসপাতালে কাটান। স্টেটস [illegible] হাসপাতালে ১৮৭৫ সালে তিনি ভর্তি হন। ১৯৭৫ সালে ১০৩ বছর ৬ মাস বয়সে সেখানেই তার মৃত্যু ঘটে।

[illegible] স্কুল:

[illegible] এর বাবা ছিলেন একজন মঞ্চ শিল্পী। পেশাগত কারণে তাঁর বাবা সর্বদা স্থান বদল করতেন। এজন্য তার [illegible] স্কুলে পড়া হতো না। ১৯৩৩ থেকে ১৯৪৪ সাল পর্যন্ত ১১ বছর সময়ে ২৬৫ টি স্কুল বদল করেন তিনি।

[illegible] বড় বাথটাব:

[illegible] বড় বাথটাবটি তৈরি করা হয়েছিল হোয়াইট হাউজে। প্রেসিডেন্ট উইলিয়াম হাওয়ার্ড টাফটের জন্য। তিনি এমন [illegible] যে, সাধারণ বাথটাবে তার জায়গা হতো না। প্রেসিডেন্টের জন্য তৈরী বাথটাবে চারজন মানুষ অনায়াসে একসঙ্গে [illegible] পারতো।

[illegible]:

[illegible] আমেরিকার ডাসটিন ফিলিপস ৩৩ সেকেন্ডে ৪০০ মিলিমিটার টমেটো সসের বোতল স্ট্রর সাহার্যে সম্পূর্ণ পান করে [illegible]।

[illegible] বেশি পৃষ্ঠার পত্রিকা:

[illegible] ১০ অক্টোবর নিউইয়র্কে 'দ্য নিউ ইয়র্ক টাইমস' নামে একটি পত্রিকা প্রকাশিত হয়েছিল। ওই পত্রিকাটি ছিল [illegible] বিজ্ঞাপন ছিল ১০ কোটি, ২০ লাখ লাইন ছিল, ওজন ছিল ৩.৫ কেজি, দাম ৫০ সেন্ট।

[illegible] বড় ফুল:

[illegible] বড় ফুলের ওজন ১১ কেজিরও বেশি। 'রাফ্রেশিয়া আরনল্ডি' নামক ফুল কিন্তু খোঁপায় পরা যাবে না।

[illegible]:

[illegible] এক ব্যক্তি 'জুডসেপ ডিমাই'-এর ছিল দুটি হৃদপিন্ড।

[illegible] লম্বা কানওয়ালা কুকুর:

[illegible] লম্বা কানওয়ালা কুকুরটির নাম মিস্টার জেফ্রি। জেফ্রির কানের দৈর্ঘ্য ২৯.২ সেন্টিমিটার। তার কানের দৈর্ঘ্য শরীরের [illegible] চেয়েও লম্বা।

[illegible] ফিলমোন:

[illegible] হাসতে মারা গিয়েছিলেন বিখ্যাত গ্রীস কবি ফিলমোন। একদিন দুপুরে খাবার খেতে এসে দেখেন তাঁর খাবার একটি [illegible] খেয়ে নিচ্ছে। এ দেখেই তার বেদম হাসি পায়।

[illegible] শাস্তি:

[illegible] উত্তরাঞ্চলীয় হুবাই প্রদেশের লিউ ডেসহুন নামে এক স্কুল শিক্ষক তার নির্দেশ অমান্যকারী ছাত্রদের গরুর গোবর খাইয়ে [illegible] পন্থায় শাস্তি দেন।

[illegible] সন্তান:

[illegible] লুভা অঞ্চলের ভ্যাসিলিনির এক স্ত্রীর ঘরেই ছেলে মেয়ে ৬৯ জন। কিন্তু তাঁর স্ত্রী গর্ভবতী হয়েছেন মাত্র ২৭ বার।

শতাব্দীর শেষ সূর্যগ্রহণ

সাদিয়া রহমান
শ্রেণী : একাদশ, রোল : ৫৩

বাংলাদেশের এই শতাব্দীর শেষ পূর্ণগ্রাস সূর্যগ্রহণ হয়ে গেল গত বাইশে জুলাই। যা আগামী একশত পাঁচ বছরের মধ্যে এ দেশে আর কোন পূর্ণগ্রাস সূর্যগ্রহণ হবে না। আমরা জানি সৌরজগতে সূর্যকে কেন্দ্র করে অন্যান্য গ্রহগুলো অবিরাম ঘুরছে। এ মধ্যে পৃথিবীও আছে। আর পৃথিবীকে কেন্দ্র করে ঘুরছে পৃথিবীর উপগ্রহ চাঁদ। এভাবে ঘুরতে ঘুরতে চাঁদ যখন সূর্য আ পৃথিবীর মাঝখানে এসে যায়, তখন চাঁদ সূর্যের আলোকে সরাসরি পৃথিবীতে আসতে দেয় না। তখনই ঘটে গ্রহণ। তবে বেশি ভাগ সময় চাঁদ সূর্যের আলোকে পুরাপুরি বাধা দিতে পারে না। তাই কিছু আলো পৃথিবীতে পড়ে। একে বলে আংশিক সূ গ্রহণ। যখন চাঁদ সূর্যকে পৃথিবী থেকে পুরাপুরি আড়াল করে দেয়, তখন হয় পূর্ণগ্রাস সূর্যগ্রহণ, এটি একটি বিরল ঘটনা। একটি পূর্ণগ্রাস সূর্যগ্রহণ সে সব অঞ্চলে দেখা যায়, যেসব অঞ্চলে চাঁদের ছায়া পড়ে। বাংলাদেশের একমাত্র পঞ্চগড় অঞ্চল, যেখা থেকে এদেশের মানুষের এবারের এ বিরল পূর্ণগ্রাস সূর্যগ্রহণ দেখার সৌভাগ্য হয়েছে।

বৃদ্ধা ও চিকিৎসক

সায়েদা ইকফাত
শ্রেণী : ৪র্থ, রোল : ১

এক বৃদ্ধা চোখের অসুখে ভুগছিল। সব কিছুই ঝাপসা দেখত। একদিন এক চিকিৎসককে খবর পাঠাল। চিকিৎসক এলে বৃদ্ধ বলল, তুমি ওষুধ দিয়ে আমার চোখ ভাল করে দাও যাতে আমি আগের মতো সব পরিষ্কার দেখতে পাই। যদি চোখ ভাল করে দিতে পার, তাহলে তোমাকে পুরস্কার দেব। কিন্তু চিকিৎসায় ফল না হলে কিছুই পাবে না। চিকিৎসক লোকটি ভাল ছিল না সে দেখল বুড়ির ঘর নানারকম দামী জিনিসে বোঝাই। দেখে যাবার সময় একটা দামী জিনিস হাতে করে বেরিয়ে যায়। বৃদ্ধ তো চোখে তেমন দেখতে পায় না তাই কিছুই বুঝতে পারে না। সে লোভে পড়ে গেল। ভাবল, এই ঘরের দামী জিনিসপত্র সব আমার ঘরে নিয়ে তুলতে হবে। বৃদ্ধা ভাল হয়ে ওঠার আগেই কাজটা আমাকে সারতে হবে। বৃদ্ধার শর্তে রাজি হয়ে চিকিৎসক পরদিন থেকেই তার চোখের চিকিৎসা শুরু করল। সে প্রতিদিনই একবার করে বৃদ্ধার বাড়ি আসে, চোখ পরীক্ষা করে আর কিছু ওষুধ দেয়। তারপর এভাবেই দিন চলতে লাগল। আর প্রতিদিনই একটা করে বৃদ্ধার ঘরের দামী জিনিস কমতে লাগল। দামী জিনিস সব কটি যখন নেয়া শেষ হল, চিকিৎসক বৃদ্ধাকে ঠিক ঠিক ওষুধ দিতে আরম্ভ করল। ওষুধের গুণে অল্পদিনের মধ্যেই বৃদ্ধার চোখ ভাল হয়ে গেল। আগের মতোই এখন সব কিছু সে দেখতে পায়। চোখ ভাল হয়ে গেলে বৃদ্ধা দেখতে পেল তার ঘর খাঁ খাঁ করছে। দামী জিনিসপত্র কিছুই নেই। দুষ্ট চিকিৎসকই যে সব হাতিয়েছে তা বুঝতে বৃদ্ধার দেরি হল না। বুঝতে পারলেও সে কিন্তু মুখে কিছুই বলল না। একদিন চিকিৎসক এসে বলল, আপনি এখন আগের মতোই দেখতে পাচ্ছেন। চোখে আর কোনও অসুখ নেই। আমার চিকিৎসাতেই আপনি আবার চোখের দৃষ্টি ফিরে পেলেন। এবারে আপনার কথা মতো আমাকে পুরস্কার দিন। চিকিৎসকের কথা শুনে বৃদ্ধা চুপ করে রইল। কোন জবাব দিল না। বৃদ্ধা ভালোমন্দ কিছুই বলছে না দেখে চিকিৎসক গেল রেগে। সে ঠিক করল যেভাবেই হোক বৃদ্ধার কাছ থেকে পুরস্কার আদায় করবে। সে ফিরে গিয়ে বৃদ্ধার নামে আদালতে নালিশ জানাল। যথাসময়ে বিচারকরা বৃদ্ধাকে ডেকে পাঠালেন। বৃদ্ধা তার কথা জানাতে গিয়ে বলল, চিকিৎসক যা বলেছে তার সবই সত্য। আমি তাকে বলেছিলাম, তার ওষুধে যদি আমার চোখ ভাল হয়ে যায়, আগের মতো সব কিছু পরিস্কার দেখতে পাই, তাহলে তাকে পুরস্কার দেব। চিকিৎসক প্রতিদিন একবার করে আমার বাড়ি এসে আমাকে ওষুধ দিয়েছে। এখন সে বলছে, আমার চোখ নাকি ভাল হয়ে গেছে আমি সবই আগের মতো দেখতে পাব। কিন্তু আমি তো কিছুই বুঝতে পারছি না। আমার ঘরে অনেক দামী জিনিস ছিল। চোখের অসুখ হওয়ার আগে সবই আমি পরিস্কার দেখতে পেতাম। অসুখ হবার পর কিছু দেখতে পেতাম না। এখনও সেই সব দেখতে পাই না। তাহলে আপনারাই বলুন, কী করে বুঝব যে আমার চোখের অসুখ সেরে গেছে, আমি আগের মতো দেখতে পাচ্ছি। বিচার করে আপনারাই যা বিহিত হয় করুন। বৃদ্ধার কথা শুনে বিচারকরা সবই বুঝতে পারলেন। তারা চিকিৎসককে তার কুকীর্তির জন্য তিরস্কার করলেন আর বৃদ্ধার সমস্ত মূল্যবান জিনিস ফেরত দিতে বললেন।

গন্ধর্বসেন মারা গেছেন

নিলা গনি
শ্রেণী : ৪র্থ, রোল : ৫১

দরবারে কেবল বসেছেন। এর মাঝে এক মন্ত্রী কাঁদতে কাঁদতে বিলাপ করা শুরু করে দিল। বাদশা বিরক্ত হয়ে এত কান্নার কী হল?

পাত্রের কাছে নতজানু হয়ে বলল, হুজুর সর্বনাশ হয়ে গেছে। গন্ধর্বসেন মারা গেছেন। সাথে সাথে দরবার বন্ধ হুকুম জারি হল; আজ হতে পাক্কা একচল্লিশ দিন দেশের সব প্রজারা শোক পালন করবে। মৃতের আত্মাকে জানানো আমাদের জরুরি প্রয়োজন। দরবার ভঙ্গ করে বাদশাহ যখন অন্দরমহলে গেলেন তখন তিনি কাঁদতে কাঁদতে কান্না দেখে অন্দরমহল কেঁদেকেটে অস্থির। কিছুক্ষণ কাঁদার পর বেগমরা বাদশাকে প্রশ্ন করল, হলটা কী? তিনি বললেন, আরে জানো না, গন্ধর্বসেন মারা গেছেন!

কোথায়, বলার সাথে সাথে বেগমসহ অন্দরে যত দাসদাসী ছিল সবাই গলা জড়াজড়ি করে বুক চাপড়ে চাপড়ে ভিতর বাড়িতে সে কী অবস্থা ! তা বলার মত নয়।

সাহেবের দাসী তো এমন কান্ডকারখানার আসল কারণটা বুঝতেই পারেনি। সে আগ্রহসহকারে সাহেবকে প্রশ্ন করে সবাই এমন উড়াবুড়া কাদছে কেন? বড় বিবি সাহেবা ইয়াবড় দীর্ঘশ্বাস ফেলে বললেন শুনি, বেচারা গন্ধর্বসেন মারা তিনি আপনার কে হন?

জানি না বাছা! বড় বেগম খুব রেগে ছুটে গেলেন বাদশার কাছে। তিনি তার কাছে জানতে চাইলেন, যার জন্য সবাই করছে সেই গন্ধর্বসেন লোকটা কে? সে তো বাদশারও জানা নেই। বোকা হয়ে তাবদা মেরে বসে রইলেন রাজা, ছুটে গেলেন দরবারে, দরবারে গিয়ে মন্ত্রীকে প্রশ্ন করলেন, কি হে মন্ত্রী যার জন্য আমরা শোকে কাতর সেই গন্ধর্বসেন কে?

মন্ত্রী জড়সড় হয়ে বলতে থাকে, তা জানি না হুজুর। তবে কী! দেখলাম যে কোতোওয়ালীর বড় দারোগা কাঁদছে আর গন্ধর্বসেন মরে গেল! সেই চাইছিল সবাই তার সাথে কাঁদুক। জাঁহাপনা আর আমিও তাই! বাদশাহ গর্জে উঠে বললেন; একটা তাজা উজবুক। যাও এখনি যাও, খোঁজ করে জেনে নাও গন্ধর্বসেন লোকটা কে!

কুর্নিশ করে পড়িমরি করে ছুটে গেল। সে বড় দারোগার কাছে গিয়ে জানতে চাইল, ঐ গন্ধর্বসেন কে।

কতক্ষণ তার দিকে ফ্যাল ফ্যাল করে তাকিয়ে থেকে বলল, পরলোকগত গন্ধর্বসেন যে কে সেটা সেও ভালো করে জানে না। তবে জমাদার কাঁদতে কাঁদতে এসেছিল। সে বলেছিল, গন্ধর্বসেন মারা গেছেন। তখন জমাদারের সাথে সেও একটু কেঁদেছিল। আপনাকে আমি তো সেটাই বলেছিলাম।

আর দারোগা মিলে জমাদারকে খুঁজে বের করল। তাকে কাঁদার কারণ বয়ান করতে বলল। তখন সে অবাক হয়ে বলল, আমি কী জানি। দেখলাম আমার বউ কাঁদছে আর বলছে আমার গন্ধর্বসেন মারা গেল, বলছে আর কাঁদছে। অর কান্না শুনে আমার কান্না এল অই একটুখানি কাঁদছিলাম আর কী! আমার দুঃখ নিয়ে আপনাকে কথাটা বলেছি মাত্র। হুজুর ভুল বুঝবেন না। কেউ কাঁদলে আমার বড় কান্না পায়। বউ কাঁদল, তার সাথে আমিও কাঁদলাম।

গেল জমাদারের বউয়ের কাছে। তার কাছে জানতে চাইল সে কেন কাঁদছিল। সে বলল, তার আমি কী জানি । পরলোকগত সম্বন্ধে সে কিছু জানেনা। সে গিয়েছিল পুকুরপাড়ে স্নান করতে। সেখানে গিয়ে দেখে ধোপানী আছড়ে পিছড়ে কাদছে আর বলছে, গন্ধর্বসেন মরে গেলো।

ছুটে গেল ধোপানীর বাড়িতে। তাকে বিষয়টা খোলাসা করার জন্য বলা হয়।

ধোপানী সব শুনে কেঁদে উঠল। কাঁদে আর বলে, আমি বড় দুঃখী। আমার গন্ধর্বসেন মারা গেল। সে ছিল আমার আদরের ধন। আমার আদরের সন্তান গন্ধর্বসেন আমাকে একলা রেখে মারা গেল গো! তারে যে আমি ছেলের চেয়ে বেশি ভালোবাসতাম।

তার মুখের বাক্য আর ফুরায় না। একবার থামে আবার কেঁদে আকুল হয়ে আতারিপাতরি করে, ওরা বড় অপদস্থ হয়ে ফিরে আসে।

দরবারে এসে বাদশার পায়ে পড়ে সত্য ঘটনা সব বলে দিল। বাদশাহ রাগারাগি করে সবাইকে মাফ করে দিল। কিন্তু খবরটা যখন অন্দরমহলে গেল তখন বাদশাহ আর তার সভাসদের কারবার নিয়ে হেসে সবাই কুটিকুটি। হাসতে তাদের পেটে খিল লেগে যায় আর কী! অনেকে হাসতে হাসতে বিছানার বদলে মাটিতেই শুয়ে পড়ল।

বাক্স

নাদিয়া করিম

শ্রেণী : ৪র্থ, রোল : ৪৬

স্বামী স্ত্রী দুজনে মিলে ঠিক করলেন, তারা একটা বাক্স বানাবেন। যেই কথা সেই কাজ। সুন্দর একটা বাক্স তৈরী করা হলো। তারা দুজনে মিলে বৃদ্ধ বাবাকে বাক্সের ভিতর ভরে ফেলল এবং বাক্সটা নিয়ে নদীর দিকে রওনা হল।

এমন সময় তাদের ছোট্ট ছেলে জিজ্ঞেস করল, বাবা দাদুকে বাক্সে ভরে কোথায় নিয়ে যাচ্ছো?

বাবা উত্তর দিলেন তোমার দাদুর অত্যাচার দিন দিন বেড়েই চলেছে, কোন কাজ তো করতেই পারে না, বরং আমাদের জ্বালা যন্ত্রণা করছে। আর সহ্য হচ্ছে না। তাকে নদীতে ফেলে দিব।

ছেলে বলল, ঠিক করছ বাবা, উনাকে ফেলে দিয়ে এসো। আর একটা কথা, মনে করে বাক্সটা নিয়ে এসো। তোমরা বুড়ো হলে তোমাদের নদীতে ফেলে দেওয়ার জন্য তো বাক্স লাগবে।

প্রভাতের অপেক্ষায়

সুসান সুর্লী

শ্রেণী : ৩য়, রোল : ২১

এক শারদীয় বিকালের কথা। সব বন্ধুরা মিলে বেড়াতে গেলাম। মজাই হলো। কামিনী আর দামিনী দুই বোন। তারা একটা পুরানো বাড়িতে একসাথে থাকে। তারা তাদের বাসায় যাওয়ার সময় কামিনী বললো, "আমার ভয় লাগছে।" চারিদিকে তখন অন্ধকার হয়ে এসেছিলো। অনেক বাতাস বইছিল। অবশেষে তারা বাসায় পৌঁছালো। একি! বিদ্যুৎ নেই। তারা দরজা ধাক্কালো কিন্তু কাজের মেয়ে দরজা খুললো না। হঠাৎ কয়েকটা বাদুড় তাদের দিকে আসতে থাকল। তারা ভয়ে দোতালায় উঠলো। তখন একটা সাদা শাড়ি পরা বুড়ি হারিকেন হাতে নিয়ে বললো "বাচ্চারা, কেমন আছো?" তারা একটু ভয় পেয়ে গেল। "ভয় পেয়ো না, আমি তোমাদের দাদি, তোমাদের থাকার জন্য সুন্দর সুন্দর রুম আছে।" তারা এতে রাজি হলো এবং বাড়িতে ঢুকলো। রুমটা পুরানো রাজপ্রাসাদের মতো। অনেক রাজা-রাণীদের ছবি ছিলো। হঠাৎ ছবিগুলো নড়তে শুরু করল। সেই ছবিগুলোর চোখ থেকে রক্ত পড়তে শুরু করল। তারা খুব ভয় পেয়ে গেল। একি হচ্ছে তাদের সাথে। কামিনী দামিনীকে বললো, "যেভাবেই হোক আমাদেরকে এখান থেকে বের হতেই হবে।" তারা রুম থেকে বের হতেই দেখে দরজা বন্ধ হয়ে গেছে। হঠাৎ তারা এক মেয়ের গলা শুনতে পেল। মেয়েটা বলছিল, "আমাকে আর আমার বন্ধুকে বাঁচাও।" তারা পিছে ফিরে দেখে তাদের সমবয়সী দুটি মেয়ে। তারা ভয়ে নীল হয়ে গেছে। কামিনী আর দামিনী তাদের নাম জিজ্ঞেস করল। তাদের নাম নীরা আর রাকা। নীরা আর রাকা কামিনী দামিনীকে তাদের এখানে বন্দী হওয়ার সব ঘটনা খুলে বললো। তাদেরকে কিভাবে এই ডাইনী বুড়ি নির্যাতন করে রেখেছে। কিভাবে ভ্যামপায়ারদের কাছ থেকে ওরা লুকিয়ে থেকেছে। সব তারা কামিনী-দামিনীকে বললো আর তারা মনযোগ সহকারে শুনল। কামিনী দামিনীকে বললো, "দিদি, আমাদের এখন কি হবে?" দামিনী বললো, "ভয় পেয়ো না, ইনশাআল্লাহ, আমরা এখান থেকে বের হতে পারবো, কিন্তু আমাদেরকে এখন লুকাতে হবে, ভ্যামপায়ার সম্ভবত এখনই আসবে।" হঠাৎ কামিনী চিৎকার দিলো, "দিদি! কামিনী পিছে ফিরে দেখে একটা ভ্যামপায়ার তাকে ধরে আছে। তখন দামিনী তার গলায় আল্লাহ লেখা তাবিজ ভ্যামপায়ারকে ছুঁড়ে মারলো। সঙ্গে সঙ্গে ভ্যামপায়ারের শরীর পুড়ে গেল। তখন দামিনী তার তাবিজ নিয়ে কামিনী, রাকা আর নিরার সাথে আলমারি আর খাটের নিচে লুকালো। তারা দুটি টর্চ, মোম আর ম্যাচ্ পেল। তারা তখন টর্চ আর মোম জ্বালিয়ে বের হয়ে ওই ভ্যামপায়ারটাকে,পোড়ালো। তারপর ভ্যামপায়ার গলে গেল। তারা তখন একে অপরকে ধন্যবাদ জানিয়ে দরজার কাছে গেল। দেখল যে দরজা খুলে গেছে। তারপর থেকে তারা অন্য বাড়িতে থাকে এবং কখনও ওই বাড়িতে পা রাখে না।

গরীবের জন্য

নুজরিয়া মেহেজামিন
শ্রেণী : ৩য়, রোল : ০৫

আমি নেহা। তৃতীয় শ্রেণীতে পড়ি। প্রতিদিন স্কুলে যাওয়া ও আসার সময় এবং কোনো জায়গায় যাওয়ার সময় অনেক অসহায়, আশ্রয়হীন, দরিদ্র শিশুদের রাস্তায় বা ফুটপাতে পড়ে থাকতে দেখি। তারা অনেক সময় ভিক্ষা করে, অন্যের জন্য কাজ করে, তারা অনেক পদ্ধতিতে টাকা রোজগার করার চেষ্টা করে, যাতে দু'বেলা দু'মুঠো ভাত খেতে পারে। তবে তারা মাঝে মধ্যে এক বেলার খাবার ও জোগাড় করতে পারে না।

প্রতিদিনের এই দৃশ্য দেখতে দেখতে ও আস্তে আস্তে অনুভব করলাম, এদের জায়গায় যদি আমি হতাম, তাহলে কেমন লাগতো। এটা ভাবতে ভাবতে আমার অনেক কষ্ট লাগছিল। আর আমি তা পরের দিন আমার বন্ধুদের বললাম। হঠাৎ সাইমা আমাকে বলল, 'চল, আমরা সবাই এক হয়ে তাদের প্যাশে দাঁড়াই। তারপর আমরা আমাদের মনের কথা আমাদের শ্রেণী শিক্ষক আফসানা ম্যাডাম কে কথাটি বললাম। তিনি খুশি হলেন এবং এই কথাটি অন্যান্য শিক্ষকের সাথে আলোচনার মাধ্যমে ঠিক করলেন স্কুলের কল্যাণ তহবিলে চাঁদা দিতে হবে সকল ছাত্রী ও শিক্ষকদের। আর এরপর একটি মোটা অংকের চাঁদা উঠল। তা দিয়ে আমরা সে সব শিশুদের আর্থিক সহায়তা করলাম ও আমাদের স্কুলে বিনামূল্যে অধ্যয়নের সুযোগ করে দেওয়া হল। সেবার বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আমাদেরকে এই মহৎ কাজ সফল করার জন্য সম্মানিত করা হয়।

উদ্দেশ্য ঃ আমাদের দেশের অধিকাংশ দরিদ্র শিশুরা মৌলিক চাহিদা থেকে বঞ্চিত। তারা আমাদের মতো সুযোগ-সুবিধা পায় না, আমাদের তাদের পাশে দাঁড়ানো উচিৎ। আর এভাবে এদেশে দারিদ্র্য বিমোচন সম্ভব।

ভাষার জন্য ভালোবাসা

স্নেহা সালাম
শ্রেণী : ৩য়, রোল : ৩৪

আমি যাকে সবচেয়ে বেশি ভালোবাসি তিনি আমার মা। আমার মায়ের মতই প্রিয় আমার মাতৃভাষা বাংলা। এই বাংলা ভাষার মর্যাদা রক্ষার জন্য আন্দোলন করেছিলেন আমাদের দাদুরা। আর সালাম, রফিক, জব্বার এর মত বহু বীর সন্তান তাঁদের রক্ত দিয়ে রাঙিয়ে দিয়েছেন বাংলা ভাষার বর্ণমালা।

দিনটি ছিল ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি। ২১ এ ফেব্রুয়ারি এখন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, এজন্য আমরা গর্বিত। বাংলা আমার মাতৃভাষা। এ ভাষায় আমি কথা বলতে শিখেছি। কিন্তু ব্যাকরণ পড়ে আমি জেনেছি। কোন ভাষা শুদ্ধভাবে বলতে, পড়তে ও লিখতে পারাই সে ভাষার প্রকৃত উদ্দেশ্য। আমরা চাই বাংলা ভাষায় সঠিক ও শুদ্ধ ব্যবহার শিখতে। তাই সব শিশুদের পক্ষ থেকে আমার দাবি এদেশের প্রতিটি শিশুকে শিক্ষার সুযোগ করে দেয়া হোক, দেশের প্রতিটি বিদ্যালয়ে সঠিক ও শুদ্ধ বাংলা ভাষার ব্যবহার শেখানো হোক। অনেক মূল্য দিয়ে কেনা বাংলা ভাষার সম্মান ও গৌরব আমরা ধরে রাখতে চাই।

ছোট হলেও মহৎ

সুমাইয়া সারওয়ার
শ্রেণী : ৪র্থ, রোল : ২৩

প্রতি বৎসর দুই-একবার আমি আমার আম্মু-আব্বুর সাথে আমাদের গ্রামের বাড়িতে বেড়াতে যাই। গ্রামের বাড়িতে যখনই যাওয়ার কোন প্রোগ্রাম আমার আব্বু আম্মু হাতে নেয় তখনি আমার মন ছুটে যায় আমাদের বাড়ির সামনের পুকুরটার প্রতি। বিশাল পুকুরের শান বাঁধানো ঘাটে গোসল করতে আমার যে কি ভাল লাগে তা আর বলে শেষ করা যাবে না। বাড়িতে গেলেই ঘন্টার পর ঘন্টা আমি ঐ ঘাটের পানিতে বসে আমার গা ভিজাতাম। অবশ্য শীত কালে না। আর আমার এই গোসল করার সময় যে আমাকে বেশি সঙ্গ দিতেন সেই হলো আমাদের বাড়ির কনক আপু। কনক আপু আমাকে খুব পছন্দ করে। এই জন্য গোসলের সময় আমাকে ডাক দিয়ে নিয়ে যেতেন। এই রকম একদিন অনেকক্ষণ গোসল করার পর হঠাৎ দেখি কনক আপু কাঁদছে। আমি জিজ্ঞাসা করলাম, "কাঁদছো কেন আপু?" উত্তরে বললেন, হাঁটুতে ব্যথা করছে। কী হয়েছে? টিউমার! হাঁটুতে টিউমার। ডাক্তার বলেছে অপারেশন করতে হবে। ঢাকায় নিয়ে যেতে। আমার আব্বু টাকা যোগাড় করতে পারছে না দেখে আমাকে ঢাকায় নিতে

পারছে না।" কাঁদতে কাঁদতে কনক আপু কথাগুলো বললেন। কনক আপুর কান্নায় আমার মন খারাপ হয়ে গেল। আমি ঢাকায় এসে কনক আপুর কষ্টের কথা বললাম। আমার আম্মু আব্বু ও কনক আপুর আব্বুর সাথে কথাবার্তা বলে কনক আপুর টিউমার অপারেশনের ব্যবস্থা নেয়। পরে কনক আপুরা ঢাকায় এসে আমাদের বাসায় উঠে। কনক আপুকে হসপিটালে ভর্তি করানো হলো। আল্লাহর রহমতে অপারেশন সফল হলো। কনক আপু এখন সুস্থ। কোন ব্যথা নেই। নিয়মিত স্কুলেও যায়। আমারও মনটা এখন খুব ভালো। সামনের কোন বন্ধে যদি বাড়ি যাই কনক আপুর সাথে আবারও গোসল করতে পারবো।

শেয়াল আর পিঠার গল্প

আনেতা অহনা

শ্রেণী : ৪র্থ, রোল : ৫২

এক দেশে ছিল একটা দুষ্টু শেয়াল। একদিন তার পিঠা খাবার ইচ্ছা হল। সে পিঠা কোথায় পাবে বুঝতে পারছিল না। সে এদিক সেদিক ঘুরে বেড়াচ্ছিল। ঘুরতে ঘুরতে একটা বাড়ির সামনে গিয়ে দেখল, রান্নাঘরে বসে একটা ছোট্ট মেয়ে পিঠা ভাজছে। তার খুব লোভ লাগল। এদিকে শেয়ালটাকে দেখে সে ভয়ে চিৎকার করে দিল একটা দৌড়। শেয়ালটা এই সুযোগে কপাত কপাত করে সবগুলো পিঠা খেয়ে ফেলল। শেয়ালটা চলে গেলে মেয়েটা এসে দেখল কোন পিঠাই নেই, সব দুষ্টু শেয়ালটা চুরি করে খেয়ে পালিয়েছে। তার খুব মন খারাপ হল। ছোট্ট মেয়েটা তার বাবাকে বলল, আমি কষ্ট করে পিঠাগুলো ভাজলাম, আর একটা দুষ্টু শেয়াল সব চুরি করে খেয়ে ফেলেছে। বাবা বললেন, 'তুমি আবার পিঠা বানাও, আমি পাজি শেয়ালটাকে ধরার ব্যবস্থা করছি।" মেয়েটা আবার পিঠা বানাল আর বাবা একটা লম্বা মোটা দড়ির একমাথায় ফাঁস দিয়ে সেই দিকটা পিঠার হাঁড়ির পাশে রেখে দিলেন আর অন্য মাথাটা ধরে ছাদের উপরে উঠে চুপ করে লুকিয়ে বসে থাকলেন। এদিকে হয়েছে কি, পাঁজি শেয়ালটা পিঠার গন্ধ পেয়ে চুপি চুপি যেই না হাঁড়ির কাছে যেয়ে পিঠা চুরি করতে গেছে, ওমনি তার পা পড়েছে দড়ির ফাঁসের মধ্যে। সাথে সাথে বাবা দিলেন দড়ি ধরে এক টান। শেয়াল তো গেল দড়ির সাথে ঝুলে! আর ঝুলে গিয়ে তার সেকি কান্না আর কাকুতি মিনতি "বাবা গো, মরে গেলাম গো, আর হবে না গো, ছেড়ে দাও গো, এখন থেকে আমিই তোমাদের পিঠা বানিয়ে খাওয়াব গো।" তারপর থেকে শেয়াল বানায় পিঠা, মেয়ে আর বাবা মিলে মজা করে খায়।

লোভী রাজা

সাদিয়া আফরিন তালুকদার

শ্রেণী : ৩য়, রোল : ০৮

এক যে ছিল এক লোভী রাজা। তার প্রচুর ধন সম্পদ থাকা সত্ত্বেও সে সব সময় আরও ধন সম্পদ চাইত। রাজার ছিল এক সুন্দরী রাজকন্যা। রাজা তার কন্যাকে তার নিজের চেয়েও বেশি ভালবাসত। একদিন রাজা বসে বসে ভাবতে লাগল যে তার যদি এমন একটি হাত থাকত যে হাত দিয়ে সে যা কিছুই ছুঁবে তাই সোনা হয়ে যাবে। তার এ ইচ্ছা সৃষ্টিকর্তা পূরণ করে দিল। একদিন রাজা বাগানে বসে আরাম করছিল। হঠাৎ গাছ থেকে একটি আপেল এসে তার সামনে পড়ল। রাজা আপেলটি খাবার জন্য তুলল এবং দেখল যে আপেলটি সোনা হয়ে গিয়েছে। রাজা খুব খুশি হয়ে তার কন্যাকে খবরটি জানাতে গেল। তার কন্যা তার কাছে ছুটে এল এবং রাজা তার কন্যাকে জড়িয়ে ধরল। তৎক্ষণাৎ তার কন্যাও সোনা হয়ে গেল। এ দেখে রাজা কান্নায় ভেঙে পড়ল এবং সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করল যে সে আর কোনদিন লোভ করবে না। তার কাছে কন্যা ছাড়া এ সম্পদ মূল্যহীন। এরপর সৃষ্টিকর্তা তার কন্যাকে পুনরায় আগের ন্যায় করে দিল। অতঃপর রাজা তার কন্যাকে নিয়ে সৎভাবে রাজ্য চালনা শুরু করল।

চেতনায় মুক্তিযুদ্ধ

তামান্না আফরিন

শ্রেণী : একাদশ, রোল : ১৪৪

একটি গল্প বলবো। গল্পটি দেশ নিয়ে। সবার প্রিয় বাংলাদেশকে নিয়ে। বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে একজন বীর মুক্তিযোদ্ধাকে নিয়ে। ছোট্ট একটি গ্রাম "সোনাপুর" ছায়ায় ঘেরা সবুজ শ্যামল মায়াবি এক গ্রাম। সে গ্রামের দশম শ্রেণীর ছাত্র পলাশ। অনেক মেধাবী সে। দেশের প্রতি তার ছিল অপরিসীম ভালোবাসা। সে একদিন স্কুলে গিয়ে শুনল দেশে নাকি যুদ্ধ হবে। স্কুল থেকে বাসায় ফিরেই সে দৌড়ে মায়ের কাছে গিয়ে বলল মা আমি যুদ্ধে যাব। ছেলের মুখে মা একথা শুনে অবাক হয়ে তাকিয়ে রইল

...কে। অতঃপর সত্যিই দেশে একদিন যুদ্ধ শুরু হলো নিজেদের মুক্তির জন্য। পলাশ তার মাকে গিয়ে বলল সে যুদ্ধে ... কথা শুনে তার মা তাকে যুদ্ধে যেতে বাধা দিল, কিন্তু যার মনে এতো দেশপ্রেম সে কি কোন বাধা মানে? না মানে ...তো পলাশ ছুটে চলল যুদ্ধ করার জন্য।

...বাবা ছিল পাকিস্তানীদের দোসর অর্থাৎ রাজাকার। সে পলাশের মাকে বলল, শোন পলাশের মা তোমার ছেলেকে যুদ্ধ ...করো নইলে তার অনেক দুঃখ আছে। স্বামীর মুখে এ কথা শুনে পলাশের মা শুধু নীরবে কান্না করলেন। ...সালের আট এপ্রিল সকালে পলাশ যুদ্ধে নামল। যথারীতি যুদ্ধ করছিল সে। হঠাৎ সে একটি মেয়ের আর্তনাদ শুনতে ...একটু এগুতেই সে দেখলো পাকিস্তানী মিলিটারিরা ও তার বাবা একটি মেয়েকে ধরে নিয়ে যাচ্ছে। এ অবস্থায় পলাশ চুপ ...তে পারল না। সে গুলি ছুঁড়তে লাগল। তার গুলিতে সকল পাকিস্তানি মিলিটারিরা মারা গেল। শুধু বাকি রইল তার ...কিন্তু দেশকে রক্ষার করার জন্য তার বাবাকে সে ছেড়ে দিল না। গুলি চালালো বাবার বুকে। সে তার বাবার লাশের ...গিয়ে শুধু নীরবে কান্না করল।

